মুজিব বর্ষের প্রতিশ্রুতি
জোরদার করি দুর্যোগ প্রস্তুতি

বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় কৌশলপত্র বাস্তবায়নে

# জাতীয় কর্মপরিকল্পনা

**(১ম খসড়া)**

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় কৌশলপত্র বাস্তবায়নে

# জাতীয় কর্মপরিকল্পনা

**(১ম খসড়া)**

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

প্রকাশক
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

প্রকাশকাল
এপ্রিল ২০২২

গ্রন্থস্বত্ব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

মুদ্রণ

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| | **শব্দ সংক্ষেপণ** | i-iv |
| ১ | **ভূমিকা** | **১-২** |
| **২** | বাস্তুচ্যুতি প্রতিরোধ | **৩-৫০** |
| ২.১ | দুর্যোগ-ঝুঁকি নিরূপণ ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা | ৩ |
| ২.২ | জলবায়ু ঝুঁকি হ্রাস সংক্রান্ত সুশাসন প্রক্রিয়া শক্তিশালীকরণ | ১১ |
| ২.৩ | দুর্যোগ ঝুঁকি হ্রাসকরন এবং জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে পর্যাপ্ত বিনিয়োগ বা অর্থবরাদ্দ করা | ১৬ |
| ২.৪ | অর্থনৈতিক প্রবৃদ্ধিকেন্দ্রগুলো বিভিন্ন শহরে বিকেন্দ্রীকরণের মাধ্যমে বিভিন্ন এলাকায় কর্মসংস্থান সৃষ্টি করা | ৪৩ |
| ২.৫ | জলবায়ু দুর্যোগ ঝুঁকি-সহনীয় ভূমি পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন | ৪৭ |
| **৩** | বাস্তুচ্যুতিকালীন সুরক্ষা | **৫১-৬৫** |
| ৩.১ | মানবিক ও দুর্যোগ ত্রাণ কার্যক্রমকে শক্তিশালীকরণ | ৫১ |
| ৩.২ | দুর্যোগের সময় বাস্তুচ্যুত ব্যক্তিদের মৌলিক মানবাধিকার সুরক্ষা | ৫৮ |
| **৪** | স্থায়ী সমাধানসমূহ | **৬৬-৮০** |
| ৪.১ | প্রত্যাবর্তন | ৬৬ |
| ৪.২. | স্থানীয়ভাবে একীভূতকরণ | ৭১ |
| ৪.৩ | পরিকল্পিত পুনর্বাসন | ৭৫ |

## শব্দ সংক্ষেপণ

| | |
|---|---|
| ৩ ভিএফ | ফরেস্ট ফিশ ফ্রুট ভেজিটেবলস |
| আইএএসসি | ইন্টার এজেন্সি স্ট্যান্ডিং কমিটি |
| আইএনজিও | আন্তর্জাতিক বেসরকারি সংস্থা |
| আইওএম | ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশান |
| আইডব্লিউএফএম | ইনস্টিটিউট অফ ওয়াটার এন্ড ফ্লাড ম্যানেজমেন্ট |
| আইপিসিসি | ইন্টার গভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ |
| আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| আরএমএস (RMS) | রিমোট সেন্সিং সিস্টেম |
| ইআরপি সিস্টেম | এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং সিস্টেম |
| ইউআরপি | আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং |
| ইউএনও | উপজেলা নির্বাহী কর্মকর্তা |
| ইউএনডিআরআর | ইউনাইটেড নেশানস ডিজাস্টার রিস্ক রিডাকশন |
| ইউজিসি | আরবান গ্রোথ সেন্টার |
| ইউডিএমসি (UDMC) | ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থা কমিটি/ ইউনিয়ন ডিজাস্টার ম্যানেজমেন্ট কমিটি |
| ইউপি | ইউনিয়ন পরিষদ |
| ইএসআইএ | এনভায়রনমেন্ট এন্ড সোশ্যাল ইম্প্যাক্ট এসেসমেন্ট |
| ইজিপিপি | এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্য পুওরেস্ট |
| ইডকল | ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড |

| | |
|---|---|
| এইচএইচসি | আপদভিত্তিক গৃহায়ণ নীতিমালা |
| এটুআই | এসপায়ার টু ইনোভেট |
| এনএফআই | নন-ফুড আইটেম |
| এনএফএল | ন্যাশনাল ফিনান্স লিমিটেড |
| এনএসডিএ | ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট অথোরিটি |
| এনজিও | নন-গভর্নমেন্ট অর্গানাইজেশন (বেসরকারি সংস্থা) |
| এফডিআই | ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট |
| এবিএম | এজেন্ট বেইজড মডেল |
| এমওইউ | মেমোরেন্ডাম অফ আন্ডার্স্ট্যান্ডিং |
| এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| এসএডিডি | সেক্স এন্ড এইজ ডিজেগ্রেগেটেড ডাটা |
| এসএমই | স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ |
| এসএমএস | শর্ট ম্যাসেজ সার্ভিস |
| এসওএস ফরম | আনুমানিক ক্ষয়ক্ষতি ও জরুরি চাহিদা নিরূপণ ফরম |
| এসডিজি | সাস্টেইনেবল ডেভেলপমেন্ট গোল |
| জিআইএস (GIS) | জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম |
| জিআইপিএস | জয়েন্ট আইডিপি প্রোফালিং সার্ভিস |
| জিইডি | জেনারেল ইকোনমিক ডিভিশন |
| জিপিএস | গ্লোবাল পজিশনিং সিস্টেম |

| | |
|---|---|
| জিপিপিডিইসি | গাইডেন্স অন প্রোটেকশন পিপল ফ্রম ডিজাস্টার এন্ড এনভায়রনমেন্ট চ্যালেঞ্জ থ্রু প্ল্যান্ড রিলোকেশন |
| টিএসপি | ট্রেনিং সার্ভিস প্রোভাইডার |
| টিএসসি | টিচিং সাপোর্ট সেন্টার |
| টিওআর | টার্মস অফ রেফারেন্স |
| টিওটি | ট্রেনিং অফ ট্রেইনার্স |
| টিটিসি | টেকনিক্যাল ট্রেনিং কলেজ |
| টিটিসি | টেকনিক্যাল ট্রেনিং সেন্টার |
| টিসিএলএম | টেম্পোরারি সার্কুলার লেবার মাইগ্রেশান |
| ডব্লিউডিএমসি (WDMC) | ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি/ওয়ার্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট কমিটি |
| ডি ফরম | লোকসান ও ক্ষয়ক্ষতির নিরূপন ফরম |
| ডিএমসি (DMC) | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি/ ডিজাস্টার ম্যানেজমেন্ট কমিটি |
| ডেমো | ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এন্ড ম্যানপাওয়ার অফিস |
| পিআইও | প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন অফিসার (উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা) |
| পিএমও | প্রাইম মিনিস্টার্স অফিস |
| পিকেএসএফ | পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন |
| পিকেবি | প্রবাসী কল্যাণ ব্যাংক |
| পিডব্লিউডি | পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট |
| পিডিডি | প্লাটফর্ম অন ডিজাস্টার ডিসপ্লেসমেন্ট |
| পিফরপি | পারচেইজ ফর প্রোগ্রেস |
| বায়রা | বাংলাদেশ এসোসিয়েশন অফ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ |

| | |
|---|---|
| বিএমইটি | ব্যুরো অফ ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং |
| বিকেএমইএ | বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিজিএমইএ | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিটিইবি | বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশান বোর্ড |
| বিডিআরসিএস | বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি |
| বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিকস |
| বিসিসিটিএফ | বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড |
| বেপজা | বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোনস অথোরিটি |
| রাজউক | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ |
| সিআরএ | কমিউনিটি রিস্ক এসেসমেন্ট (সমাজভিত্তিক ঝুঁকি নিরুপণ) |
| সিইআইপি | কোস্টাল এমব্যাংকমেন্ট ইম্প্রুভমেন্ট প্রজেক্ট |
| সিইজিআইএস | সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস |
| সিএসআর | কর্পোরেট সোশ্যাল রেস্পন্সিবিলিটি |
| সিএসও | সিভিল সোসাইটি অর্গানাইজেশন |
| সিডিএ | চট্টগ্রাম ডেভেলপমেন্ট অথোরিটি |
| সিডিএমপি | কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম |
| সিডিএসপি | চর ডেভেলপমেন্ট সেটেলমেন্ট প্রজেক্ট |
| সিপিপি | সাইক্লোন প্রিপেয়ার্ডনেস প্রোগ্রাম |
| স্পারসো | বাংলাদেশ স্পেস রিসার্চ এন্ড রিমোট সেনসিং (বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান) |

# ১. ভূমিকা

স্বতন্ত্র ভৌগোলিক বৈশিষ্ট্যের কারণে বাংলাদেশ বন্যা, গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড় ঝড় -বৃষ্টি এবং খরা সহ নিয় মিত দূর্যোগের সম্মুখীন হয়। বিপদাপন্ন এবং প্রকট আর্থ -সামাজিক অবস্থার কারণে এই দূর্যোগগুলো জীবনহানি ঘটায়, অবকাঠামোর ক্ষতি সাধন করে এবং জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। ফলশ্রুতিতে ব্যক্তি ও জনগোষ্ঠীকে প্রায়শই তাদের দৈনন্দিন বাসস্থান ছেড়ে অন্যত্র সরে যেতে বাধ্য হয়। জলবায়ু পরিবর্তনের প্রভাবে যেসকল দূর্যোগের কারনে বাস্তুচ্যুতি ঘটছে সেগুলোর তীব্রতা এবং সংখ্যা আগামী বছরগুলোতে বৃদ্ধি পাবে বলে সুস্পষ্ট ধারণা ক রা হয়। তাই বিজ্ঞানীদের মতে জলবায়ু পরিবর্তনের সবচেয়ে বড় এবং একক প্রভাব হতে পারে মানুষের অভিবাসন অথবা বাস্তুচ্যুতি। সাম্প্রতিক হিসেব অনুযায়ী , ২০৫০ সালের মধ্যে বিশ্বের প্রতি ৪৫ জনে একজন এবং বাংলাদেশে প্রতি ৭ জনে একজন জলবায়ু পরিবর্তনের কারণে বাস্তুচ্যুত হবে। অ ভ্যন্তরীণ স্থানচ্যুতি পর্যবেক্ষণ কেন্দ্র (আইডিএমসি) অনুমান করেছে যে ২০০৮ থেকে ২০১৪ সালের মধ্যে বাংলাদেশে দুর্যোগের কারণে ৪.৭ মিলিয়নেরও বেশি লোক বাস্তুচ্যুত হয়ে ছিল। একই সংস্থার ২০১৯ সালের অর্ধ-বৎসর পরিসংখ্যান অনুমান করে যে বাংলাদেশের ২৩টি জেলায় ১.৭ মিলিয়ন লোককে সরিয়ে নেওয়া হয়েছিল এবং তাদের অধিকাংশই ছিল উপকূলীয় জেলা ভোলা , খুলনা এবং পটুয়াখালীতে। জনসংখ্যা শুমারি (২০১৩) এর উপর ভিত্তি করে রামরু এবং এসসিএমআর পর্যালোচনা করেছে যে ২০১১ থেকে ২০৫০ পর্যন্ত বেশ কয়েকটি জলবায়ু গত বিপদের কারণে ১৬ থেকে ২৬ মিলিয়ন মানুষ বাংলা দেশে তাদের জন্মগত বাসস্থান থেকে বাস্তুচ্যুত হবে। এই বাস্তুচ্যুতি প্রবাহে দেশের ভেতরে ই অভ্যন্তীরণ স্থানচ্যুতি এবং শ্রম অভিবাসন উভয়ই অন্তর্ভূক্ত থাকবে। বাংলাদেশ ২০২৪ সালের মধ্যে একটি মধ্যম আয়ের, ২০৩০ সালের মধ্যে একটি উচ্চ মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পৌছবার লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের কারণে উদ্ভূত সামগ্রিক বাস্তুচ্যুতি ঝুঁকি ব্যবস্থাপনার উদ্দেশ্য নিয়ে , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (দুব্যত্রাম) সার্বিক উন্নযন প্র ক্রিয়ায় বাস্তুচ্যুত জনগোষ্ঠীর অন্তর্ভুক্তি নিশ্চিত করতে অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা জাতীয় কৌশলপত্র ২০২১ প্রণয়ন এবং গ্রহণ করেছে। গৃহীত জাতীয় কৌশলপত্রের আলোকে দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনের কারণে বাস্তুচ্যুতি রোধ , বাস্তুচ্যুতদের সুরক্ষা ও মানবিক সহায়তা প্রদান এবং বাস্তুচ্যুত মানুষের জন্য টেকসই সমাধান নিশ্চিতে একটি অন্তর্ভূক্তিমূলক এবং অধিকার-ভিত্তিক কর্ম পরিকল্পনা গ্রহণ করেছে। কর্ম পরিকল্পনায় প্রস্তাবিত কার্যক্রমগুলোকে জাতীয় কৌশলপত্রে উল্লেখিত বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা কাঠামো অনুসারে তিনটি বিষয়ে বিভক্ত করা হয়েছেঃ প্র তিরোধ, সুরক্ষা এবং টেকসই সমাধান। বাস্তুচ্যুতি প্রতিরোধের প্রধান লক্ষ্য হচ্ছে দুর্যো গ ব্যবস্থাপনা অবকাঠামো উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তন অভিযোজন কর্মসূচি গ্রহণের মাধ্যমে ঝুঁকিপূর্ন জনগোষ্ঠীর বিপদাপন্নতা হ্রাস এবং সহনশীলতা বৃদ্ধি। সুরক্ষা কার্যক্রমের মাধ্যমে জ রুরী মানবিক এবং দূর্যোগ পরবর্তী ত্রাণ সহায়তার উপর জোড় দেওয়া হয়েছে। বাস্তুচ্যুতি পরবর্তী ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রমগুলোকে টেকসই সমাধানের আওতায় আনা হয়েছে।

একটি সর্বাঙ্গীণ এবং যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ধাপে ধাপে এই কর্ম পরিকল্পনাটি প্রণয়ন করা হয়েছে। জাতীয় এবং আন্তর্জাতিক মানদন্ড, মতাদর্শ এবং প্রটোকল বিবেচনায় নিয়ে কর্ম পরিকল্পনাটিকে সুস্পষ্টভাবে অধিকার-ভিত্তিক, বিশ্বব্যাপী গ্রহনযোগ্য, এবং স্থানীয় পর্যায়ের জন্য উপযুক্ত করা হয়েছে। এই কর্ম পরিকল্পনায় বাংলাদেশের ছয়টি দূর্যোগপ্রবণ এলাকা থেকে বাস্তুচ্যুতির ঝুঁকিতে থাকা জনগোষ্ঠী এবং বাস্তুচ্যুত সম্প্রদায়ের মতামত যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অন্তর্ভূক্ত করা হয়েছে। সর্বপ্রথমে দেশের বিভিন্ন দুর্যোগ প্র বণ অঞ্চল থেকে সরকারি প্রতিনিধি এবং নীতিনির্ধারকদের ঢাকায়

একটি জাতীয় কর্ম শালায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়। উক্ত কর্মশা লায় বিস্তারিত আলোচনার মাধ্যমে বাংলাদে শ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এ বর্ণীত ছয়টি দূর্যোগ হটস্পট থেকে তথ্য সংগ্রহের জন্য ছয়টি এলাকা নির্বাচন করা হয়। নির্বাচিত প্রতিটি এলাকায় বিপদাপন্ন জনগোষ্ঠীর সাথে দুটি ফোকাস গ্রুপ ডিসকাশন এবং স্থা নীয় সরকারের প্রতিনিধি ও নীতি নির্ধারকদের সাথে দুটি ফোকাস গ্রুপ ডিসকাশন পরিচালনা করা হয়। বাস্তুচ্যুতি সম্পর্কিত জটিল এবং বিরোধপূর্ন বিষয়াবলী মাঠ পর্যায় থেকে তুলে আনার জন্য ফোটোভ য়েস পদ্ধতি ব্যবহার করা হয়। ফোটোভয়েস একটি সম্প্রদায়-ভিত্তিক অংশগ্রহণমূলক এবং ভিজ্যুয়াল গবেষণা পদ্ধতি। এই পদ্ধতি প্রয়োগ করে প্রতিটি নির্বাচিত এলাকা থেকে আটজন পুরুষ , আটজন নারী এবং দুইজন স্থানীয় পর্যায়ের নীতিনির্ধারককে তাদের নিজ নিজ আবাস্থল, কর্মক্ষেত্র এবং আশে পাশের এলাকা থেকে ছবির মাধ্যমে বাস্তুচ্যুতি বিষয়ক সমস্যা এবং তার সম্ভাব্য সমাধান তুলে আনার নির্দেশনা দেওয়া হয়। এই গবেষণা পদ্ধতির মাধ্যমে জনগোষ্ঠীর সম্পৃক্ততা , গঠনমূলক আলোচনা এবং স্থানীয় জ্ঞানের প্রয়োগের মাধ্যমে সামাজিক পরিবর্তনকে উৎসাহিত করা হয়েছে। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদি প র্যালোচনা করে তা আরেকটি জাতীয় কর্মশালার মাধ্যমে সংশ্লিষ্ট সরকারি এবং বেসরকারি স্টে কহোল্ডারদের সম্মুখে উপস্থাপন করা হয়। কর্মশালায় প্রাপ্ত মতামত লিপিবদ্ধ এবং বিশ্লেষন করে খসড়া কর্ম পরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়। পরবর্তীকালে , কর্ম পরিকল্পনায় সামগ্রিক বিষয়াদি অন্তর্ভূক্ত করার উদ্দেশ্যে বিশেষজ্ঞদের উপস্থিতিতে দিনব্যাপী একটি রাইট -শপ এর আয়ো জন করা হয়। বাস্তুচ্যুতির সাথে সম্পর্কিত আন্তর্জাতিক প্রোটোকল এবং মানবিক সহায়তা সম্পর্কিত আন্তর্জাতিক মানদন্ডগুলিকে বিবেচনায় আনার লক্ষ্যে ৩৪ সদস্যের একটি আন্তর্জাতিক উপদেষ্টা কমিটি গঠন করা হয়। বিশেষজ্ঞ এবং কৌশলগত পরামর্শ প্রদানের জন্য উপদেষ্টা কমিটিতে আন্ত র্জাতিক ও আঞ্চলিক উন্নয়ন সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও) এবং অন্যান্য সুশীল সমাজের প্রতিনিধিদের অন্তর্ভূক্ত করা হয়। খসড়া কর্মপরিকল্পনাটি আন্তর্জাতিক উপদেষ্টা কমিটির সাথে দুই দফায় আলোচনা করা হয় এবং সেই অনুযায়ী তাদের মতামত সমূহ অন্তর্ভুক্ত করা হয়। পঞ্চবার্ষিক পরিকল্পনা, বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং বাংলাদেশ ব -দ্বীপ পরিকল্পনা ২১০০ সহ দেশের প্রধান কৌশলগত পরিকল্পনাগুলির সাথে গৃহীত কর্মপরিকল্পনার সামঞ্জস্য নিশ্চিতে বাংলাদেশ পরিকল্পনা কমিশন এর সাধারণ অর্থনৈ তিক বিভাগের (জিইডি) সাথে বৈঠকের আয়োজন করা হয়। কর্মপরিকল্পনার প্রথম খসড়া টি বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সাথে একটি সভায় উপস্থাপন করা হয় এবং নথিটি চূড়ান্ত করার জন্য কয়েক দফা বৈঠক অনুষ্ঠিত হয়।

বাংলাদেশে বাস্তুচ্যুতির মাত্রা , জটিলতা এবং সময়কাল পরিপ্রেক্ষিতে , এই কর্মপরিকল্পনা অধিকার -ভিত্তিক এবং জনগোষ্ঠীবান্ধব সমাধান প্রদান করেছে। মানবাধিকার , জনস্বাস্থ্য, এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অংশগ্রহণ ইত্যাদি বিষয়কে গুরত্ব দিয়ে এই কর্মপরিকল্পনায় দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনজনিত বাস্তুচ্যুতি ব্যবস্থাপনার সুনির্দিষ্ট কাঠামো প্রণয়ন করা হয়েছে। পাশাপাশি বাস্তুচ্যুতি ঝুঁকি , বিপদাপন্নতা, সহশীলতা এবং সক্ষমতা বিষয়ক ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সকল স্টেইকহোল্ডারদের ভূমিকা এবং দায়িত্ব লিপিবদ্ধ করা হয়েছে।

## ২. বাস্তুচ্যুতি প্রতিরোধ (PREVENTION OF DISPLACEMENT)

**বাস্তুচ্যুতি প্রতিরোধ সম্পর্কিত অধিকারগুলোর উদাহরণ:** বৈষম্যহীনতা ও সমতার অধিকার, নিরাপত্তার অধিকার, জীবনের অধিকার, উন্নয়নের অধিকার, বাসস্থানের অধিকার, কাজ পাওয়ার অধিকার, অংশগ্রহণের অধিকার, তথ্য পাওয়ার অধিকার।

**উদ্দেশ্য:** এই অধিকারগুলোর স্বীকৃতি দেওয়ার মাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন এবং দুর্যোগের ঝুঁকি হ্রাস/ব্যবস্থাপনার মাধ্যমে বিপদাপন্ন মানুষদের সুরক্ষা দেওয়া।

**কৌশলগত সাড়া প্রদান** : বাস্তুচ্যুতি প্রতিরোধ ব্যবস্থা হলো, স্থানান্তর ও বাস্তুচ্যুতি ঘটার আগেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। বাস্তুচ্যুতির প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার জন্য বিনিয়োগ/অর্থায়ন সত্ত্বেও কোনও কোনও ক্ষেত্রে বাস্তুচ্যুতি ঘটে। এর ফলে জনগণ আরও বেশি ঝুঁকি বা সংকটের মুখে পড়ে। বাস্তুচ্যুতির ক্ষেত্রে স্থানান্তরকে প্রায়ই টিকে থাকার কৌশল হিসেবে বিবেচনা করা হয়। ঠিকমতো বাস্তবায়ন করা না গেলে স্থানান্তর বড় ধরনের মানবিক ক্ষতির কারণ হয়ে দাঁড়াতে পারে। এসব ক্ষেত্রে সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় দুর্দশাগ্রস্ত জনগণের দুর্ভোগ ও জীবিকার ক্ষতি লাঘব করতে সংশ্লিষ্ট জনগোষ্ঠীকে প্রস্তুত করা। যেমন সমুদ্রপৃষ্ঠের উচ্চতাবৃদ্ধি ও মরুকরণের পরিস্থিতি কিছু এলাকাকে অনাবাসযোগ্য করে ফেলতে পারে বিধায় অন্যত্র পুনর্বাসন/স্থানান্তরের জন্য প্রস্তুতি নিয়ে রাখা।

**প্রধান নীতি-ক্ষেত্রসমূহ:** দুর্যোগের ঝুঁকি প্রশমন এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলায় অভিযোজন।

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| **২.১ দুর্যোগ-ঝুঁকি নিরূপণ ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা** (Understanding the Risk and Decision Making Support) | | | | | | |
| ২.১.১ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে স্থানীয় পর্যায়ের কমিটি/প্রতিষ্ঠান যেমন: দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (DMCs) সকল পর্যায় বিশেষ করে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থা কমিটি (UDMC) ও ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (WDMC) এর মাধ্যমে বাস্তুচ্যুতির ওপরে মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহ ও মেলানো এবং হালনাগাদ করা। উপাত্ত ব্যবস্থাপনার জন্য স্মার্ট ব্যবস্থাপনা | ১) বাস্তুচ্যুতি সম্পর্কে সামগ্রিক ধারণা পেতে এসওএস ফর্মে এ-সংক্রান্ত প্রশ্ন যোগ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, সাইক্লোন প্রিপেয়ারড্‌নেস প্রোগ্রাম (সিপিপি) এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত এসওএস ফর্ম | ২ |
| | | ২) ডি-ফর্মে বাস্তুচ্যুতি-সংক্রান্ত প্রশ্ন সন্নিবেশ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, সাইক্লোন প্রিপেয়ারড্‌নেস প্রোগ্রাম (সিপিপি) এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত এসওএস এবং ডি ফর্ম | ২ |
| | | ৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর | বাংলাদেশ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, | বাস্তুচ্যুতি মডিউল | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | পদ্ধতির অংশ হিসেবে জিআইএস/রিমোট সেন্সিং সিস্টেম (GIS/RSM) প্রতিষ্ঠা করা। | ‘ডিজাস্টার প্রন এরিয়া অ্যাটলাস বাংলাদেশ’-এ বাস্তুচ্যুতি-সংক্রান্ত মডিউল যুক্ত করা | পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং সিপিপি | সংযোজন পরিপত্র | |
| | সাড়াদান পরিকল্পনা, সিদ্ধান্ত গ্রহণ এবং সাড়াদান কার্যক্রমের সার্বিক তদারকির দায়িত্ব যৌথভাবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক পালন করা। | ৪) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পপুলেশন এবং হাউজিং জরিপে বাস্তুচ্যুতি-সংক্রান্ত প্রশ্নমালা সংযুক্ত করা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বাস্তুচ্যুতি বিষয়ক প্রশ্নমালা সংযোজন পরিপত্র, সংযুক্ত প্রশ্নমালা, পরিবর্তিত জরিপ প্রশ্নমালা | ৫ |
| | ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (WDMC) এর মাধ্যমে বাস্তুচ্যুতির ওপরে মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহ | ৫) বাস্তুচ্যুতির সময়ে এ সম্পর্কিত বিস্তারিত তথ্য সংগ্রহের জন্য আলাদা ফর্ম তৈরি করে ১৫ দিনের মধ্যে তথ্য সংগ্রহ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ইউনিয়ন পরিষদ, সিপিপি, এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | তথ্য সংগ্রহের টেমপ্লেট, সংগৃহীত তথ্য ডেটাবেইস | ৫ |
| | | ৬) বর্তমান ব্যবস্থায় চৌকিদারের মাধ্যমে তথ্য সংগ্রহের ব্যবস্থা পরিবর্তন করে ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে তথ্য সংগ্রহের দায়িত্ব হস্তান্তর | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ইউনিয়ন পরিষদ, সিপিপি এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | অর্পিত দায়িত্বের সার্কুলার | ৫ |
| | | ৭) তথ্য সংগ্রহের দায়িত্ব পালনের জন্য নির্দিষ্ট লোকবল নির্ধারণ করা | | | লোকবল নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োজিত লোকবলের সংখ্যা | ১০ |
| | | ৮) ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিতে তথ্য সংগ্রহের জন্য নির্ধারিত ব্যক্তির প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, সিভিল সমাজের প্রতিষ্ঠান (সিএসও) এবং ব্যাক্তিখাত প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা | ৫-২০ |
| | | ৯) তথ্য সংগ্রহে নির্ধারিত ব্যক্তির জন্য নির্দিষ্ট ভাতার ব্যবস্থা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | অর্থ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ এবং সিপিপি | অর্থ বরাদ্দের প্রকাশিত আদেশ | ১০ |
| | | ১০) কাগজভিত্তিক তথ্য সংগ্রহ ব্যবস্থার | দুর্যোগ ব্যবস্থাপনা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, | প্রকাশিত নীতিমালা ও | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | পরিবর্তে তথ্যপ্রবাহে আধুনিক প্রযুক্তির (কোবো টুলবক্স বা সার্ভে সিটিও) ব্যবহার | ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং সিভিল সমাজের প্রতিষ্ঠান | অবকাঠামো | |
| | | ১১) প্রযুক্তি ব্যবহারের জন্য প্রশিক্ষণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং সিভিল সমাজের প্রতিষ্ঠান | প্রশিক্ষিত ব্যক্তির সংখ্যা | ৫-২০ |
| | | ১২) সচিব (ইউপি), প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও), সিপিপি টিম লিডার এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের নতুন তথ্য সংগ্রহের ব্যবস্থা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি কর্মসূচি | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষণ এবং সচেতনতা, কার্যক্রমের সংখ্যা | ৫-২০ |
| | ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থা কমিটি (UDMC) মাধ্যমে বাস্তুচ্যুতির ওপরে মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহ (ওয়ার্ড পর্যায়ের সংগ্রহের পরে ইউনিয়ন পর্যায়ে একত্রিকরণ) | ১৩) বাস্তুচ্যুতদের তথ্য ব্যবস্থাপনায় একটি সুনির্দিষ্ট পরিসংখ্যান কাঠামো (Statistical Framework) প্রণয়ন | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় , স্থানীয় সরকার বিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর , ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থা কমিটি, ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থা কমিটি, স্থানীয় ও জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠান | টিওআর | |
| | | ১৪) ওই কাঠামোতে তথ্য নিম্নোক্ত তিনটি স্তরে বিন্যাস করা: এলাকাভিত্তিক বাস্তুচ্যুত ব্যক্তিদের তথ্য, দুর্যোগ উপশমের পরে নিজ এলাকায় প্রত্যাবর্তিত ব্যক্তিদের তথ্য এবং সরকার বা ব্যক্তি উদ্যোগে প্রতিষ্ঠিত পুনর্বাসন এলাকায় বসবাসরত বাস্তুচ্যুতদের তথ্য | | | সন্নিবেশিত তথ্যভান্ডার | ১০ |
| | | ১৫) ওয়ার্ড পর্যায়ে সংগৃহীত তথ্য ইউনিয়ন পর্যায়ে ডিজিটাল পদ্ধতিতে একত্র করা এবং সংগৃহীত তথ্যের যথাযথ ব্যবস্থাপনার লক্ষ্যে ইআরপি সিস্টেম প্রস্তুত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, তথ্য প্রযুক্তি দক্ষতা সম্বলিত বিশেষায়িত প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন | প্রকাশিত নীতিমালা, ইআরপি বাস্তবায়নের টিওআর, জেলা, উপজেলা, গ্রামভিত্তিক অনলাইন তথ্যভান্ডার | ১৫ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | সহযোগী প্রতিষ্ঠান | | |
| | ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (WDMC) মাধ্যমে বাস্তুচ্যুতির ওপরে মাঠ পর্যায়ের উপাত্ত হালনাগাদ করা | ১৬) ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ওয়ার্ড পর্যায়ে বাস্তুচ্যুতি-সম্পর্কিত তথ্য প্রতি ছয় মাসে একবার হালনাগাদ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি | ছয় মাসের তথ্য হালনাগাদ প্রতিবেদন | ৩-২০ |
| | ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থা কমিটি (UDMC) মাধ্যমে বাস্তুচ্যুতির ওপরে মাঠ পর্যায়ের উপাত্ত হালনাগাদ করা (ওয়ার্ড পর্যায়ের হালনাগাদের পরে ইউনিয়ন পর্যায়ে একত্রিকরণ) | ১৭) ইউনিয়ন ডিজিটাল সেন্টার কর্তৃক ওয়ার্ড পর্যায়ে সংগৃহীত তথ্য ইউনিয়নভিত্তিক ডেটাবেইসে হালনাগাদ করা | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং ইউনিয়ন পরিষদ | প্রকাশিত নীতিমালা এবং ছয় মাসের তথ্য হালনাগাদ প্রতিবেদন | ৫ |
| | | ১৮) ইআরপি সিস্টেম প্রণয়ন যার মাধ্যমে ওয়ার্ড, ইউনিয়ন, জেলা এবং বিভাগ পর্যায়ে সংগৃহীত তথ্য একত্রকরণ | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, সিইজিআইএস এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | অনলাইন তথ্যভান্ডার | ১০ |
| | উপাত্ত ব্যবস্থাপনার জন্য স্মার্ট ব্যবস্থাপনা পদ্ধতির অংশ হিসেবে জিআইএস/রিমোট সেন্সিং সিস্টেম (GIS/RMS) প্রতিষ্ঠা করা | ১৯) স্যাটেলাইট ইমেজ (জিআইএস), এরিয়াল ফটোগ্রাফ (ড্রোন) এবং জিপিএস ডেটাগুলো সমন্বিত করে বাস্তুচ্যুতির ঝুঁকিতে থাকা মানুষের এলাকাভিত্তিক অবস্থান চিহ্নিত করে টোপোগ্রাফিক/ ভালনারেবিলিটি/ রিস্ক ম্যাপিং করা | প্রতিরক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, স্পারসো, সিইজিআইএস, জাতিসংঘের উন্নয়ন সংস্থা | টোপোগ্রাফিক/ ভালনারেবিলিটি/ রিস্ক ম্যাপ তৈরির টিওআর, প্রকাশিত টোপোগ্রাফিক/ ভালনারেবিলিটি/ রিস্ক ম্যাপ | ২০ |
| | | ২০) টোপোগ্রাফিক ম্যাপে জিয়ো-ভিজ্যুয়ালাইজেশনের মাধ্যমে বাস্তুচ্যুতি ঝুঁকিপূর্ণ এলাকার নিকটবর্তী অর্থনৈতিক কেন্দ্রগুলো চিহ্নিত করা | | | প্রকাশিত টোপোগ্রাফিক/ ভালনারেবিলিটি/রিস্ক ম্যাপ | ২০ |
| | | ২১) টোপোগ্রাফিক/ভালনারেবিলিটি/রিস্ক | | | অনলাইনে উন্মুক্ত | ২০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ম্যাপ ওয়েবসাইটে উন্মুক্ত করা | | | টোপোগ্রাফিক/ ভালনারেবিলিটি/রিস্ক ম্যাপ | |
| | | ২২) টোপোগ্রাফিক/ভালনারেবিলিটি/রিস্ক ম্যাপ স্বয়ংক্রিয় হালনাগাদ করতে স্মার্টফোন নির্ভর ভলান্টিয়ারড জিআইএস পদ্ধতি (VGI) চালু করা | | | স্বেচ্ছাসেবকের গাইডলাইন (VGI Guideline) | ২০ |
| ২.১.২ | লিঙ্গ, বয়স, অক্ষমতা এবং অন্যান্য সূচক দ্বারা সংগহীত উপাত্ত (SADD) আলাদা করা যাতে বাস্তুচ্যুত জনগণ যেমন: নারীপ্রধান পরিবার, পরিবারহীন শিশু, সংখ্যালঘু, বয়স্ক, শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি, ক্ষুদ্র-নৃগোষ্ঠীর নির্দিষ্ট প্রয়োজনগুলো ঠিকভাবে নিরূপণ করা এবং তাদের অধিকারগুলো রক্ষা করা। | ১) উপাত্ত সংগ্রহের ফর্মে লিঙ্গ, বয়স, বিশেষ চাহিদাসম্পন্ন এবং অন্যান্য সূচক দ্বারা তথ্য আলাদা করার ব্যবস্থা রাখা | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তথ্য প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ইউনিয়ন পরিষদ, গবেষণা প্রতিষ্ঠান এবং সাইক্লোন প্রিপেয়ারড্নেস প্রোগ্রাম (সিপিপি) | প্রকাশিত পরিবর্তিত ফরম | ৫ |
| | | ২) প্রাপ্ত তথ্যের আলোকে বছরে দুটি রিপোর্ট তৈরি করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান | প্রকাশিত প্রতিবেদন | ৫-(চলমান) |
| ২.১.৩ | বাস্তুচ্যুতি বিষয়ে উপাত্ত সংগ্রহের খরচ কমানোর জন্য দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলির অধীনে ঝুঁকি ও বিপদাপন্নতার ধরন (কাঠামোগত এবং অ-কাঠামোগত) নির্ণয় এবং সংকটাপন্ন অবস্থার মূল্যায়ন/পর্যবেক্ষণ করা। | ১) গ্রামে এবং শহরে জয়েন্ট আইডিপি প্রোফাইলিং সার্ভিসের (জেআইপিএস) গাইডলাইন অনুসরণ করে বাস্তুচ্যুতি ঝুঁকির কমিউনিটিভিত্তিক প্রোফাইলিং করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সাধারণ অর্থনীতি বিভাগ, সিইজিআইএস, সিপিপি, ইউনিয়ন পরিষদ, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং | প্রস্তুতকৃত প্রোফাইলিং চেকলিস্ট, কমিউনিটি প্রোফাইল | ১৫ |
| | জাতীয় আদমশুমারি, খানা আয় ও ব্যয় জরিপ, জলবায়ু পরিবেশ সংক্ষিপ্তসার, স্বাস্থ্য ও জনসংখ্যা জরিপ-এই ধরনের সকল জরিপে বাস্তুচ্যুতি/অভিবাসনের বিষয়টিকে অন্তর্ভুক্ত করা। | ২) বিবিএস এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মধ্যে বৈঠকের মাধ্যমে বাস্তুচ্যুতি/অভিবাসনের বিষয়টিকে অন্তর্ভুক্ত করার ব্যাপারে সমঝোতা চুক্তি স্বাক্ষর করা হবে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | বৈঠকের সংখ্যা, চুক্তিনামা, নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের প্রতিবেদন | ৫ |
| | | ৩) এই সকল জরিপের কোনটিতে কবে | | | | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | অন্তর্ভুক্ত করা হবে , তার জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা | | | | |
| ২.১.৪ | ‘বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০’ এ উল্লেখ করা ৬টি হটস্পটের (পানি ও জলবায়ুজনিত প্রায় অভিন্ন সমস্যাবহুল অঞ্চল) উপর ভিত্তি করে ঝুঁকি পূর্বাভাস পদ্ধতি ও বাস্তুচ্যুতির বিপদাপন্নতা চিহ্নিতকরণ (ম্যাপিং) ব্যবস্থাকে উন্নত করা। | ১) বাস্তুচ্যুতি-সম্পর্কিত তথ্য-উপাত্ত কমিউনিটি ঝুঁকি নিরূপণ (সিআরএ) পদ্ধতিতে অন্তর্ভুক্ত করা। বাস্তুচ্যুতি সম্পর্কিত সামাজিক ঝুঁকি নিরূপণ পদ্ধতি গ্রহণ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিপিপি, ইউনিয়ন ও ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সংশোধিত কমিউনিটি ঝুঁকি নিরূপণ নীতিমালা | ৫ |
| | | ২) দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে স্থানীয় পর্যায়ে সকল অফিসের মাধ্যমে কমিউনিটিভিত্তিক বাস্তুচ্যুতি ঝুঁকি নিরূপণ করা এবং ৬টি হটস্পট অনুযায়ী ম্যাপিং করা | | | পরিপত্র, প্রকাশিত ম্যাপ | ১০ |
| | | ৩) স্থানীয় প্রতিনিধি, স্বেচ্ছাসেবী সংগঠন এবং এনজিওদের সহায়তায় ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে অবহিত করা | | | অবহিত জনগোষ্ঠীর সংখ্যা | ৩-২০ |
| | আর্থ-সামাজিক এবং হাইড্রো-মেটেরোলজিক্যাল প্রবণতা বিশ্লেষণের মাধ্যমে বাস্তুচ্যুতির নির্ভরযোগ্য পূর্বাভাস তৈরি করা। এই পদ্ধতি শুধুমাত্র জলবায়ুজনিত ঝুঁকি যেমন: বন্যা, খরা, জলোচ্ছাস, সমুদ্রপৃষ্ঠের উচ্চতাবৃদ্ধির ফলে বাস্তুচ্যুতির প্রভাব মূল্যায়ন করবে না; এটি বাস্তুচ্যুতি রোধ, প্রশমন কিংবা দুর্যোগের প্রতিক্রিয়াগুলোর ওপরও আলোকপাত করবে। | ৪) হাইড্রোমেটেওরোলজিক্যাল প্রবণতা বিশ্লেষক গবেষণা করা | পানি সম্পদ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিপিপি, আবহাওয়া অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বিভিন্ন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বিডিআরসিএস | বৈঠকের সংখ্যা ও চুক্তিপত্র | ৫ |
| | | ৫) গবেষণায় প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও প্রতিবেদন প্রস্তুত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর, গবেষণা ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এবং বিডিআরসিএস | প্রকাশিত প্রতিবেদন | ১০ |
| | এজেন্ট বেইজড মডেল (ABM) অনুসরণ করে জলবায়ু ও দুর্যোগজনিত কারণে অভিবাসিত এবং বাস্তুচ্যুত | ৬) এজেন্ট বেইজড মডেলিং পদ্ধতিতে এলাকাভিত্তিক জলবায়ু পরিবর্তন ও দুর্যোগজনিত বাস্তুচ্যুতির সম্ভাব্যতা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিইজিআইএস, গবেষণা প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন | সম্ভাব্যতা নিরূপণ প্রতিবেদন | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | হওয়ার সম্ভাবনা আগে থেকেই অনুমান করা যাবে এবং জলবায়ুর অবস্থা কোন সীমায় পৌঁছালে বাস্তুচ্যুতি ঘটবে তা আগেভাগেই নিরূপণ করা যাবে। বাস্তুচ্যুতির হটস্পটগুলোর ম্যাপ করা। | নিরূপণ করা | | সহযোগী প্রতিষ্ঠান | | |
| ২.১.৫ | সিডিএমপি-২ এর নির্দেশনা অনুসরণ করে বাস্তুচ্যুতি ঘটে এমন জায়গাগুলোতে ঝুঁকিহ্রাস কর্মপরিকল্পনা তৈরি করার জন্য সম্প্রদায়ভিত্তিক ঝুঁকি নিরূপণ (CRA) কার্যক্রম পরিচালনা করা। ঝুঁকি, বিপদাপন্নতা এবং সমাজের বিভিন্ন গোষ্ঠী বিশেষ করে শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের অগ্রাধিকার বিশ্লেষণ ও মূল্যায়ন করার জন্য ঝুঁকি নিরুপন কার্যক্রম পর্যায়ক্রমে পরিচালনা করা। ঝুঁকি হ্রাসের পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে এলাকার জনগোষ্ঠীর লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতাকে সুসংঘবদ্ধভাবে লিপিবদ্ধ করা। | ১) সম্প্রদায়ভিত্তিক ঝুঁকি নিরূপণের জন্য স্ট্যান্ডার্ডাইজড চেকলিস্ট তৈরি | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং গবেষণা প্রতিষ্ঠান | প্রকাশিত চেকলিস্টের কপি | ৩ |
| | | ২) অংশীদারিমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য বাস্তুচ্যুতিবিষয়ক গবেষণা প্রতিষ্ঠান এবং সিএসও/ এনজিওর তালিকা (ম্যাপিং) প্রণয়ন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠান | প্রকাশিত চেকলিস্ট | ৩ |
| | | ৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালেয়র তালিকাভুক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান এবং সিএসও/ এনজিও কর্তৃক স্ট্যান্ডার্ডাইজড চেকলিস্টের ভিত্তিতে সম্প্রদায়ভিত্তিক ঝুঁকি নিরূপণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ এনজিও ব্যুরো, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠান | সম্পাদিত চুক্তি, প্রকাশিত বাস্তুচ্যুতি ঝুঁকিবিষয়ক প্রতিবেদন | ৫- ২০ (চলমান) |
| | | ৪) উপজেলাভিত্তিক বাস্তুচ্যুতি ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, সিইজিআইএস, স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রণীত পরিকল্পনা | ৫ |
| ২.১.৬. | দুর্যোগ মোকাবিলার পূর্ব প্রস্তুতি হিসেবে প্রাথমিক বিদ্যালয় থেকে মাধ্যমিক বিদ্যালয় পর্যন্ত শিক্ষার পাঠ্যসূচিতে দুর্যোগ প্রতিরোধের বিভিন্ন উপায়গুলো অন্তর্ভুক্ত করা। | ১) প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরের পাঠ্যক্রমে দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনজনিত বাস্তুচ্যুতি ঝুঁকি হ্রাস বিষয় অন্তর্ভুক্ত করা | শিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | পরিবর্তিত পাঠ্যক্রম | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ২) প্রাথমিক থেকে মাধ্যমিক স্তরে শিক্ষক শিক্ষিকাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান | শিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রশিক্ষিত শিক্ষকের সংখ্যা | ৫-২০ |
| | পাড়া-মহল্লা পর্যায়ে উঠান বৈঠক, স্থানীয় সাংস্কৃতিক অনুষ্ঠান, রেডিও, টেলিভিশন, মাইকিং, অনলাইনে এবং ধর্মীয় উপাসনালয়ের মাধ্যমে দুর্যোগপ্রবণ এলাকার জনগণকে দুর্যোগ সম্পর্কে প্রতিনিয়ত অবহিত করা। | ৩) দুর্যোগজনিত বাস্তুচ্যুতি ঝুঁকিতে থাকা জনগণকে অবহিত করতে এলাকাভিত্তিক মাধ্যমগুলোর (স্থানীয় সাংস্কৃতিক সংগঠন, থিয়েটার, কমিউনিটি রেডিও, থ্রিজি/ফোরজি ইন্টারনেট) তালিকা প্রণয়ন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় ও জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | মাধ্যমগুলোর প্রকাশিত তালিকা | ৫ |
| | | ৪) জাতীয় থেকে জেলা হয়ে স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি প্রচারণা এবং প্রশমনের উদ্ভাবনী পন্থা খুঁজে বের করতে শিক্ষার্থীদের মাঝে প্রতিযোগিতার এবং ক্যাম্পেইনের আয়োজন করা | শিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সিপিপি, স্থানীয় ও জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং ব্যাক্তিখাত প্রতিষ্ঠান | প্রতিযোগিতার লিফলেট ও সংখ্যা। | ৫-২০ |
| | | ৫) সরকারি-বেসরকারি উদ্যোগে ও পৃষ্ঠপোষকতায় বাস্তুচ্যুত জনগোষ্ঠীর ওপর ডকুমেন্টারি তৈরি করে আন্তর্জাতিক এবং জাতীয় অনুষ্ঠানে প্রচার করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সাংস্কৃতিক সংগঠন এবং ব্যাক্তি খাতের প্রতিষ্ঠান | নির্মিত ডকুমেন্টারি | ৫ |
| ২.১.৭ | যদি কোনও কারণে অভ্যন্তরীণ স্থানান্তর সম্ভব না হয় তবে আন্তর্জাতিক সহযোগিতা এবং সাহায্য অনুসন্ধান করা। এর জন্য প্রয়োজন আন্তর্জাতিক ফোরামে দর-কষাকষি এবং কাঠামোগত ব্যবস্থা প্রতিষ্ঠা করা; যাতে করে ওই ধরনের পরিস্থিতি পরিচালনা করা যায়। কৌশলগত সিদ্ধান্ত, সংলাপ, আলোচনা, সুরক্ষা এজেন্ডাভুক্ত শোভন | ১) আন্তর্জাতিক জলবায়ু কূটনীতিতে বাস্তুচ্যুতি অন্তর্ভুক্ত করে ‘whole of society’ পন্থা গ্রহণ | পররাষ্ট্র মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | কূটনৈতিক আলোচনার সারাংশ | ৫ |
| | | ২) বিভিন্ন গ্লোবাল ফোরাম যেমন ইউএন আইপিসিসি, ইউএনডিআরআর, পিডিডি ইত্যাদিতে বিভিন্ন এলাকার বাস্তুচ্যুত ব্যক্তিদের বিপদাপন্নতা তুলে ধরা | পররাষ্ট্র মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | কূটনৈতিক আলোচনার সারাংশ | ২-২০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | চর্চাগুলোকে চিহ্নিত করে বিশেষ পরিস্থিতির সঙ্গে সংগতিপূর্ণ করে কাজে লাগানো। | | | | | |
| **২.২. জলবায়ু ঝুঁকি হ্রাস সংক্রান্ত সুশাসন প্রক্রিয়া শক্তিশালীকরণ (Strengthening climate/disaster risk good governance)** | | | | | | |
| ২.২.১ | এসডিজি ও সেন্দাই কর্মকাঠামোর সঙ্গে সমন্বয় করে দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত অভ্যন্তরীণ বাস্তুচ্যুতির জন্য একটি সর্বাত্মক প্রাতিষ্ঠানিক কাঠামো তৈরি করা যেমন: বিশেষ আইন, নিয়মাবলি, নীতিমালা, প্রতিষ্ঠানসমূহ এবং একই সঙ্গে বিদ্যমান নীতি কাঠামোর সম্পৃক্তকরণ যাতে করে বাস্তুচ্যুতি ঘটার সময় কার্যকরভাবে সাড়াদান করা যায়। | ১) প্রয়োজনীয় আইনি নীতিকাঠামো গঠন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | পুনর্গঠিত আইন | ৫ |
| | | ২) এসওডিতে এ বিষয়গুলো সন্নিবেশিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | পুনর্গঠিত এসওডি | ৫ |
| | | ৩) সেন্দাই ফ্রেমওয়ার্ক গৃহীত কার্যক্রমগুলোকে এই পরিকল্পনার সাথে সন্নিবেশিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সন্নিবেশিত নথি | ৫ |
| | | ৪) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের এসডিজি সেলের সাথে বৈঠক এবং বাস্তুচ্যুতিবিষয়ক এসডিজি লক্ষ্যমাত্রাগুলোকে এই কর্মপরিকল্পনার সাথে সন্নিবেশিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সন্নিবেশিত নথি | ৫ |
| | | ৫) বাস্তুচ্যুতি গবেষণা সেল প্রতিষ্ঠা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | প্রতিষ্ঠিত সেল | ১০ |
| | | ৬) প্রাকৃতিক দুর্যোগ জলবায়ু পরিবর্তন এবং বাস্তুচ্যুতির সাথে সম্পৃক্ত সকল নীতিমালা চিহ্নিত করে মূল্যায়ন এবং সমন্বয় সাধন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন এবং গবেষণা প্রতিষ্ঠান | চিহ্নিত নীতিমালার তালিকা, মূল্যায়ন প্রতিবেদন | ১০ |
| ২.২.২ | বাস্তুচ্যুত মানুষের অধিকারের স্বীকৃতি এবং বাস্তুচ্যুতি ব্যবস্থাপনায় সরকারের দায়িত্ব নিশ্চিত করতে দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এ প্রয়োজনীয় | ১) সংশোধনের জন্য উদ্যোগ গ্রহণ ও সময়কাঠামো নির্ধারণ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গবেষণা প্রতিষ্ঠান | পরিবর্তিত দুর্যোগ ব্যবস্থাপনা আইনের খসড়া | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | সংশোধন করা। | | | | | |
| | জাতীয় পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সমূহের সাথে আইনের ধারা ১৭-এ বর্ণিত বাস্তুচ্যুতির ওপর কমিটি গঠনের জন্য আইনগত ভিত্তি প্রয়োজন। | ২) বাস্তুচ্যুতির ওপর জাতীয় কমিটি গঠনের জন্য অ্যাডভোকেসি বা প্রচারণা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | | আইনগত ভিত্তি স্থাপিত | ৫ |
| | একই ভাবে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন, ২০১৩ সংশোধনের মাধ্যমে জলবায়ু সংকটাপন্ন এলাকাগুলো থেকে মানুষদের বিদেশে কাজের সুযোগ দেওয়ার লক্ষ্যে আইনি স্বীকৃতি দেওয়া। | ৩) বর্তমান আইনের মূল্যায়ন, বিশেষজ্ঞ নিয়োগ, সময়কাঠামো নির্ধারণ করা, অ্যাডভোকেসি করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | আইন গবেষণা প্রতিষ্ঠান | বিশেষজ্ঞ নিয়োগ | ৫ |
| | | ৪) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন ২০১৩-এর কর্মপরিকল্পনায় অন্যান্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে জলবায়ু ও দুর্যোগের কারণে যাদের বাস্তুচ্যুতির সম্ভাবনা আছে বা হয়েছে তাদের অন্তর্ভুক্ত করার জন্য নদীভাঙনপ্রবণ ৩৭টি জেলা এবং জলবায়ু ক্ষতিগ্রস্ত ১৯টি জেলায় অভিবাসন প্রক্রিয়াকরণ কার্যক্রম চালু করা | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, সেক্টোরাল প্ল্যানিং ডিভিশন, স্থানীয় পর্যায়ে সম্পদ সমন্বয় কমিটি এবং গবেষণা প্রতিষ্ঠান | সংশোধিত আইনের খসড়া, ২০১৩ অভিবাসন আইনের অ্যাকশন প্ল্যানের কপি | ১০ |
| | | ৫) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে চুক্তি (এমওইউ) সই করা | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | এমওইউর কপি | ৫ |
| | | ৬) ডিসি অফিসে পরিবেশ এবং অভিবাসন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের সক্ষমতা বৃদ্ধি | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | প্রশিক্ষণের সংখ্যা | ৫ |
| | | ৭) ডিসি অফিসে বিভিন্ন বিভাগে স্থানীয় জনগোষ্ঠীকে সেবা দেওয়ার জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের যে সম্পদ রয়েছে, তার নির্দিষ্ট পরিমাপ বাস্তুচ্যুতিবিষয়ক কাজের জন্য বরাদ্দ ও সমন্বয় করা | স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বাজেট প্রস্তাবনার কপি | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৮) ডেমো অফিসে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের বাস্তুচ্যুতদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান | স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের সংখ্যা | ৫ |
| | | ৯) এই কর্মপরিকল্পনায় বাস্তবায়নের জন্য যে আন্তমন্ত্রণালয় টাস্কফোর্স গঠিত হবে সেই টাস্কফোর্স কর্তৃক জলবায়ুপ্রবণ এলাকগুলোর ডিসি অফিসকে তাদের সমন্বয় সভায় বাস্তুচ্যুতি বিষয়টি অন্তর্ভুক্তি করার জন্য মেমো প্রেরণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | প্রকাশিত মেমো | ৫ |
| | | ১০) ডিসি অফিসের নেতৃত্বে মাল্টিসেক্টোরাল কমিটি গঠন করে যেখানে রিক্রুটিং এজেন্সি, সিভিল সোসাইটি প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ। বৈঠকে বাস্তুচ্যুত পরিবারের সদস্যদের বৈদেশিক কর্মে নিয়োগের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ নেওয়া | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, এবং জেলা জনশক্তি অফিস | কমিটির তালিকা | ১০ |
| | | ১১) জলবায়ু পরিবর্তন ও দুর্যোগপ্রবণ এলাকায় নিয়মিত অভিবাসনের প্রক্রিয়া, অনিয়মিত অভিবাসনের এবং ট্রাফিকিংয়ের ঝুঁকি সম্পর্কে সচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা করা | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, প্রশিক্ষণ ব্যুরো, এবং জেলা জনশক্তি অফিস এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ক্যাম্পেইনের সংখ্যা | ৫-২০ |
| | | ১২) নিয়মিত অভিবাসনের জন্য বিএমইটি, ডেমো, বায়রা, টিটিসি, ওয়েলফেয়ার ডেস্ক, পিকেবি, পিকেএসএফের বিভিন্ন কার্যক্রম যেমন রেজিস্ট্রেশন, ফিঙ্গার প্রিন্টিং, অভিবাসন লোন, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার সেবা, পেশাভিত্তিক প্রশিক্ষণ, বীমা, ক্ষতিপূরণ, | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ক্যাম্পেইনের সংখ্যা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | মৃতদেহ ফেরত আনা ইত্যাদি সম্পর্কে সচেতন করা | | | | |
| | | ১৩) অভিবাসন ইচ্ছুক পুরুষ এবং নারী কর্মীদের বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠানের সম্পর্কে তথ্য সরবরাহ করা | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | তথ্য প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা | |
| | | ১৪) প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা-সম্পর্কিত সকল কমিটিতে বাস্তুচ্যুত ব্যক্তিদের কার্যকরী প্রতিনিধিত্ব নিশ্চিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি | নিয়োগপ্রাপ্ত প্রতিনিধি, প্রকাশিত কমিটি সদস্যদের তালিকা | ১০ |
| ২.২.৩ | সরকারের বিদ্যমান নীতিমালা/পরিকল্পনাগুলো যেমন: দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত জাতীয় পরিকল্পনা ২০২১-২৫ এবং ভবিষ্যতের পঞ্চবার্ষিক পরিকল্পনায় বাস্তুচ্যুতি বিষয়টিকে অন্তর্ভুক্ত করা কিংবা বিশেষ বিধান প্রণয়ন করা। একইভাবে, স্থানীয় পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা যেমন: জেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, পৌরসভা/সিটি করপোরেশন দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং স্থানীয় অভিযোজন পরিকল্পনাগুলোয় বাস্তুচ্যুতির বিষয়টিকে নির্দিষ্ট কোনও ধারায় যোগ করা। | ১) নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বাস্তুচ্যুতি ব্যবস্থাপনা বিষয় অন্তর্ভুক্ত করার জন্য ব্যাকগ্রাউন্ড পেপার তৈরি এবং পরিকল্পনা কমিশনের সাথে পরামর্শ করে এর অন্তর্ভুক্তি নিশ্চিত করা | পরিকল্পনা কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং গবেষণা প্রতিষ্ঠান | প্রকাশিত ব্যাকগ্রাউন্ড পেপার | ৫ |
| | | ২) বাস্তুচ্যুতি প্রতিরোধের কার্যকরী পদক্ষেপগুলো চিহ্নিত করে সেগুলো এলাকাভিত্তিক অভিযোজন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ | অভিযোজন কৌশলের তালিকা, পরিবর্তিত অভিযোজন কর্মপরিকল্পনা | ১০ |
| | | ৩) এলাকা এবং কমিউনিটিভিত্তিক কৃষি অভিযোজন কৌশলগুলো চিহ্নিত করে প্রচার করা এবং ব্যবহারে উৎসাহিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং মেয়র কার্যালয় | অভিযোজন কৌশলের তালিকা | ৫ |
| ২.২.৪ | জাতীয় এবং স্থানীয় উভয় পর্যায়ে দুর্যোগ-ঝুঁকি হ্রাস বিষয়ক আইন এবং পরিকল্পনাগুলোয় জেন্ডার ও অক্ষমতা | ১) বিদ্যমান সকল আইনে জেন্ডার ও অক্ষমতা ইস্যু এবং সংকটাপন্ন শ্রেণির চাহিদা পূরণের বিষয়গুলো নিশ্চিত করার | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সিভিল সমাজের প্রতিষ্ঠান | পরিবর্তিত আইনের কার্যধারা/ প্রণীত নতুন আইন | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | ইস্যু এবং সংকটাপন্ন শ্রেণির চাহিদা পূরণ নিশ্চিত করা। | জন্য পদক্ষেপ গ্রহণ এবং নতুন আইন প্রণীত হলে সেখানে এ বিষয়গুলো অন্তর্ভুক্তকরণ | | | | |
| ২.২.৫ | সরকারি এবং বেসরকারি খাতের পরিকল্পনার মূলধারায় এবং বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় জলবায়ু দুর্যোগ-ঝুঁকি হ্রাস ও ভূমিকম্পের ঝুঁকি হ্রাসের বিষয়টি অন্তর্ভুক্ত করা। | ১) নতুন শহরগুলোতে অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে জলবায়ু দুর্যোগ-ঝুঁকি হ্রাস ও ভূমিকম্পের ঝুঁকি হ্রাসের বিষয়ে অ্যাডভোকেসি করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | নির্মিত স্কুল, কলেজ এবং হাসপাতালের সংখ্যা | ২০ |
| | | ২) বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রমে বাস্তুচ্যুতি ও এই সম্পর্কিত অন্যান্য বিষয়ে গবেষণা, কৌশলপত্র ও কর্মপরিকল্পনা রচনাবিষয়ক কোর্স চালু করা | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় | কোর্সের সিলেবাস | ৫ |
| | বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিকেন্দ্রীকৃত সম্ভাব্য উন্নয়ন এলাকায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে বেসরকারি খাতকে উৎসাহ প্রদান করা। দীর্ঘ মেয়াদে এই কার্যক্রম বাস্তুচ্যুত ব্যক্তিদের নতুন/বিকল্প জীবিকা খুঁজতে সহায়তা করবে। | ৩) স্বল্প আয়ের কর্মজীবীদের জন্য আবাসন সুবিধা (স্বল্প ভাড়ায় রেন্টাল স্পেস) নিশ্চিত করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এবং সংশ্লিষ্ট শহর উন্নয়ন কর্তৃপক্ষ | আবাসন প্রকল্পের সংখ্যা | ১০ |
| | | ৪) অর্থনৈতিক অঞ্চলগুলোতে বাস্তুচ্যুতদের জন্য কাজের কোটা প্রচলন | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গৃহীত কোটা নীতিমালা | ৫ |
| | | ৫) ব্যক্তি খাতকে উৎসাহিত করার জন্য এলাকাভিত্তিক অর্থনৈতিক নীতিমালা প্রণয়ন | বাণিজ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ব্যাক্তিখাত প্রতিষ্ঠান | প্রণীত নীতিমালা | ১০ |
| | | ৬) বেসরকারি লাভজনক প্রতিষ্ঠানের করপোরেট সোশ্যাল রেসপনসিবিলিটির একটি অংশ বাস্তুচ্যুত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য বরাদ্দ করা | ব্যাক্তিখাতের লাভজনক প্রতিষ্ঠান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং স্থানীয় জনপ্রতিনিধি | কর্মজীবী বাস্তুচ্যুত নারীর সংখ্যা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৭) নারী নেতৃত্বে সামাজিক এন্টারপ্রাইজ (উদ্যোক্তা) তৈরিতে উৎসাহ এবং প্রণোদনা প্রদান | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পিকেএসএফ এবং ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রদানকারী প্রতিষ্ঠান | সামাজিক এন্টারপ্রাইজের সংখ্যা | ৭ |
| ২.২.৬ | আন্তর্জাতিক নির্দেশিকা যেমন দুর্যোগ ও পরিবেশের পরিবর্তন থেকে পরিকল্পিত স্থানান্তরের মাধ্যমে জনগণকে সুরক্ষার নির্দেশিকার (GPPDEC) সঙ্গে সংগতি রেখে অস্থায়ী বাস্তুচ্যুতি পরিহারের শেষ অবলম্বন হিসেবে অংশগ্রহণমূলক পরিকল্পিত স্থানান্তর প্রক্রিয়াকে কৌশল হিসেবে গ্রহণ করার জন্য জাতীয় ও আঞ্চলিক কাঠামোগুলোতে যথাযথ ব্যবস্থা সন্নিবেশ করা। | ১) দুর্যোগ এবং জলবায়ু সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে পরিকল্পিত স্থানান্তর প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করা | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | গবেষণা প্রতিষ্ঠান | জারিকৃত পরিপত্র | ১০ |
| | | ২) কমিউনিটি ঝুঁকি নিরূপণ প্রক্রিয়ায় পরিকল্পিত স্থানান্তরের সম্ভাব্যতা যাচাই পদ্ধতি অন্তর্ভুক্ত করা | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ঝুঁকি নিরূপণ চেকলিস্ট | ৪ |
| | | ৩) টেকসই পরিকল্পিত স্থানান্তর নিশ্চিত করতে আয়ের সুযোগ বিদ্যমান এমন স্থান নির্বাচন করা | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এবং ব্যাক্তিখাত প্রতিষ্ঠান | নির্বাচিত স্থানের তালিকা | ৫ |
| **২.৩ দুর্যোগ-ঝুঁকি হ্রাসকরণ এবং জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজনে পর্যাপ্ত বিনিয়োগ বা অর্থবরাদ্দ করা (Investing in DRR and CCA)** | | | | | | |
| ২.৩.১ | দ্রুতগতি সম্পন্ন দুর্যোগ যেমন: বন্যা, নদীভাঙন, ভূমিকম্প ও সাইক্লোন এবং ধীর গতি সম্পন্ন জলবায়ুজনিত দুর্যোগ যেমন: খরা মোকাবিলায় পূর্বাভাস পদ্ধতিগুলো শক্তিশালী করা। এসব পদ্ধতি কার্যকর করতে প্রয়োজন দৃঢ় অঙ্গীকার, রাজনৈতিক সদিচ্ছা এবং কার্যকর সাড়াদান কার্যক্রম। | ১) ঘূর্ণিঝড়ের আগে স্থানীয় পর্যায়ের সাথে সামঞ্জস্যপূর্ণ, প্রভাবভিত্তিক (ইমপ্যাক্ট বেইজড) এবং সাধারণ মানুষের জন্য বোধগম্য (স্থানীয়করণ) পূর্বাভাস প্রদান। যেমন, ঘূর্ণিঝড়ের আগে ব্যবহৃত সংকেতের পাশাপাশি এলাকাভিত্তিক সম্ভাব্য ক্ষয়ক্ষতির মাত্রা নিয়ে বার্তা প্রদান করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, আবহাওয়া অধিদপ্তর, স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সিপিপি, স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন, এবং স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান। | পরিবর্তিত ও সহজবোধ্য পূর্বাভাস নীতিমালা | ৫ |
| | | ২) বর্তমানে প্রচলিত বন্যা পূর্বাভাস পদ্ধতির সাথে অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য প্রদান। যেমন, নদীর পানির উচ্চতা বাড়ার তথ্যের সাথে এলাকা প্লাবিত হবার | পানি সম্পদ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, আবহাওয়া অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ফ্লাড ফোরকাস্টিং এন্ড ওয়ার্নিং সেন্টার, | সংশোধিত এবং সহজবোধ্য বন্যা পূর্বাভাস নীতিমালা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | আশঙ্কা-সম্পর্কিত তথ্য প্রচার | | স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সিপিপি, স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন এবং স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান। | | |
| | | ৩) টেলিমেট্রিক নেটওয়ার্ক ও আবহাওয়া রাডার স্থাপন এবং ডিজিটাল ইলিভেশন মডেল তৈরি করে বন্যা পূর্বাভাস ব্যবস্থাকে কার্যকরী করা | প্রতিরক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, আবহাওয়া অধিদপ্তর, ফ্লাড ফোরকাস্টিং এন্ড ওয়ার্নিং সেন্টার, সিইজিআইএস, সিপিপি এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | স্থাপিত নেটওয়ার্ক অবকাঠামো, প্রস্তুতকৃত মডেল | ১০ |
| | | ৪) ঘূর্ণিঝড় এবং বন্যার ব্যাপারে পূর্বাভাস ৫ দিনের বদলে ১০ দিন পূর্বে প্রচার করা। এ ক্ষেত্রে পূর্বাভাস পদ্ধতিকে প্রভাবভিত্তিক এবং স্থানীয়করণ করা যাতে পূর্বাভাস থেকেই সম্ভাব্য বাস্তুচ্যুতি সম্পর্কে ধারণা পাওয়া যায় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, আবহাওয়া অধিদপ্তর, স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, ফ্লাড ফোরকাস্টিং এন্ড ওয়ার্নিং সেন্টার, সিপিপি, বিডিআরসিএস, স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন এবং স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান। | প্রকাশিত পরিবর্তিত নীতিমালা | ৫ |
| | | ৫) বন্যা এবং ঘূর্ণিঝড় পূর্বাভাস পদ্ধতির পাশাপাশি অন্যান্য ধীরগতির দুর্যোগ যেমন খরার জন্য প্রভাবভিত্তিক পূর্বাভাস পদ্ধতি চালু করা। স্যাটেলাইটনির্ভর তথ্যের মাধ্যমে জিআইএস - রিমোট সেন্সিং পদ্ধতি প্রয়োগ করে খড়ার কার্যকর পূর্বাভাস প্রদান করে বাস্তুচ্যুতি প্রতিরোধ করা | প্রতিরক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা, কমিটি, ফ্লাড ফোরকাস্টিং এন্ড ওয়ার্নিং সেন্টার, সিইজিআইএস, স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন এবং স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান। | চালুকৃত খরা পূর্বাভাস পদ্ধতি | ৭ |
| | | ৬) খরার ক্ষেত্রে কৃষি উৎপাদনের ওপর প্রভাব বোঝার জন্য আবহাওয়া ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে প্রভাবভিত্তিক পূর্বাভাস পদ্ধতি (ইমপ্যাক্ট বেইজড্ পূর্বাভাস পদ্ধতি) চালু করা | প্রতিরক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, আবহাওয়া অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় দুর্যোগ | চালুকৃত খরা পূর্বাভাস পদ্ধতি | ৭ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | ব্যবস্থাপনা কমিটি, সিপিপি, স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন এবং স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান। | | |
| | | ৭) বর্তমানে বাংলাদেশে বজ্রপাত এবং শৈত্যপ্রবাহের পূর্বাভাসের ব্যবস্থা নেই। রাডার (নৌবাহিনী এবং আবহাওয়া অধিদপ্তর) ইমেজ পর্যালোচনা করে স্থানীয় পর্যায়ে ঝোড়ো হাওয়াসহ ভারী বৃষ্টি, বজ্রপাত এবং শৈত্যপ্রবাহের পূর্বাভাস ব্যবস্থা চালু করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, আবহাওয়া অধিদপ্তর এবং বাংলাদেশ নৌবাহিনী | প্রণীত নীতিমালা, চালুকৃত পূর্বাভাস ব্যবস্থা | ৭ |
| | | ৮) তথ্যের ব্যাপক প্রচার নিশ্চিত করতে বর্তমানে প্রচলিত মাধ্যমগুলোর পাশাপাশি আরো কিছু মাধ্যম যুক্ত করা। যেমন, কমিউনিটি রেডিওকে আরো কার্যকর ও জনপ্রিয় করা | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সিপিপি এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | চালুকৃত মাধ্যমগুলোর তালিকা | ৫ |
| | | ৯) কমিউনিটি রেডিও স্টেশন আওতাধীন এলাকার মানুষের সরাসরি অংশগ্রহণে সম্প্রচার, বিষয়ভিত্তিক কুইজ প্রতিযোগিতা, এসএমএস, ফোন-ইন প্রোগ্রাম, শ্রোতা ক্লাব গঠন করে তাদের অংশগ্রহণে সরাসরি অনুষ্ঠান ইত্যাদির মাধ্যমে কমিউনিটির মানুষের সরাসরি অংশগ্রহণ নিশ্চিত করা | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, স্থানীয় দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং সিপিপি | অনুষ্ঠানমালার সংখ্যা ও তালিকা, শ্রোতা ক্লাবের সংখ্যা | ৫ |
| | | ১০) মসজিদসহ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের মাইক ব্যবহার করা। হ্যান্ড | ধর্ম মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি | হ্যান্ড মাইকের সংখ্যা, পরিবর্তিত নীতিমালা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাপ্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| ৩.২.৬ | বাস্তুচ্যুত ব্যক্তিদের বিশেষ করে শিশু ও যুবকদের শিক্ষার অধিকার নিশ্চিত করা। দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এর ২৬ ধারা অনুযায়ী প্রয়োজনে ভবন অধিগ্রহণ করে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা। কোনও বাস্তুচ্যুত শিশু বা কিশোর-কিশোরী শিক্ষার্থীকে পূর্বের বিদ্যালয়ের কাগজপত্র প্রদর্শন করতে না পারার অজুহাতে শিক্ষা লাভ থেকে বঞ্চিত না করা। | ১) সরকারি- বেসরকারি প্রচেষ্টার মাধ্যমে আপদকালীন সময়ে যেকোনো মূল্যে শিশু- কিশোরদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা | শিক্ষা মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | দুর্যোগকালীন ও পরবর্তী বিকল্প শিক্ষাব্যবস্থা চালু, বাস্তুচ্যুত শিশুদের মধ্যে শিক্ষার হার | ১-১০ |
| | | ২) বাস্তুচ্যুত শিশু, কিশোর-কিশোরী শিক্ষার্থীদের নথিপত্র প্রদর্শনের নিয়ম শিথিল করার জন্য প্রজ্ঞাপন জারি করা | শিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | জারিকৃত প্রজ্ঞাপন | ১-১০ |
| | | ৩) ওষুধের ব্যবস্থা করে শিশুদের স্কুলে ফিরিয়ে আনার ব্যবস্থা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা | ১-১০ |
| | | ৪) ৭-১৮ বছর বয়সী বাস্তুচ্যুত জনগোষ্ঠীর সদস্য শিশুশ্রমে নিযুক্ত আছে কি না তা যাচাই করা | সমাজকল্যাণ মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | যাচাই প্রতিবেদন | ১-১০ |
| ৩.২.৭ | বিদ্যালয়গুলোতে শারীরিকভাবে অক্ষম বাস্তুচ্যুত শিশুদের প্রয়োজনীয় চাহিদা পূরণের জন্য যথাসম্ভব চেষ্টা করা। | ১) স্থানীয় শিশুদের অভিভাবক ও স্কুলশিক্ষকদের সচেতনতামূলক কার্যক্রম চালু করা | শিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সচেতনতামূলক কার্যক্রমের সংখ্যা এবং তালিকা | ১-১০ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | নগরকেন্দ্রগুলোতে স্থানীয় শিশুদের সঙ্গে শিক্ষার মূলধারায় বাস্তুচ্যুত শিশুদের অংশগ্রহণের ব্যবস্থা নিশ্চিত করা। বাস্তুচ্যুত শিশুদের পিতামাতাদের মাঝে সচেতনতা সৃষ্টি করা, যাতে তারা শিশুদের বিদ্যালয় কার্যক্রমে অন্তর্ভুক্ত করে এবং বাল্যবিবাহের মতো ক্ষতিকর প্রথাগত চর্চাগুলো পরিহার করে। | ২) বাল্যবিবাহ রোধে বিভিন্ন নারী সংগঠনগুলোর কার্যক্রমে বাস্তুচ্যুত পরিবারগুলোকে অন্তর্ভুক্ত করা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | এলাকাভিত্তিক নারী সংগঠনের এবং তাদের বাস্তুচ্যুতদের নিয়ে কার্যক্রমের তালিকা | ১-১০ |
| | | ৩) বাস্তুচ্যুত শিশু, কিশোর-কিশোরীরা ব্যক্তিগতভাবে বৈষম্য বা হয়রানির শিকার হয়েছে কি না তার অনুসন্ধানী কার্যক্রম পরিচালনা করা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | অনুসন্ধানী প্রতিবেদন | ১-১০ |
| ৩.২.৮ | বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের বন্দোবস্ত করে দুর্যোগ ঝুঁকিপূর্ণ এলাকাগুলোর মানুষের দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে জীবিকা নির্বাহের অধিকার নিশ্চিত করা। | ১) ঐঃ (২.৩.৬) | | | | |
| | | ২) সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় বাস্তুচ্যুতিবিষয়ক বার্ষিক প্রতিবেদন তৈরি করে সকলকে অবহিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বার্ষিক প্রতিবেদন | ১-২ |
| | | ৩) হস্ত ও কুটিরশিল্প এবং অন্যান্য দেশীয় শিল্পের মাধ্যমে বাস্তুচ্যুত মানুষদের স্বনির্ভর হতে সহায়তা করা | শিল্প মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | নিয়োগপ্রাপ্ত বাস্তুচ্যুতদের সংখ্যা | ১-১০ |
| | | ৪) ঋণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের বন্দোবস্ত করে বাস্তুচ্যুত মানুষের দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | দেশে ও বিদেশে নিয়োগপ্রাপ্ত বাস্তুচ্যুতদের সংখ্যা | ১-১০ |
| ৩.২.৯ | প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান | ১) ঐঃ (২.৩.৬) | | | | |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পরামর্শক্রমে এবং বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে স্বল্প মেয়াদি আন্তর্জাতিক শ্রম অভিবাসনের এবং দেশের অভ্যন্তরে চাকরির সুযোগ তৈরি করা। বাস্তুচ্যুত মানুষদের জন্য একটি জব পোর্টাল তৈরী করা। | ২) শিক্ষার ধরন অনুযায়ী জব পোর্টালের মাধ্যমে দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টি | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর | জব পোর্টাল, দেশে ও বিদেশে নিয়োগপ্রাপ্ত বাস্তুচ্যুতদের সংখ্যা | ১-৭ |
| | | ৩) বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে তৈরি পোশাক কারখানা ও উৎপাদন কারখানাগুলোতে বাস্তুচ্যুত মানুষদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বিজেএমইএ, বিকেএমইএ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পোশাক কারখানায় নিয়োগপ্রাপ্ত বাস্তুচ্যুতদের সংখ্যা | ১-৫ |
| | | ৪)আন্তর্জাতিক শ্রম অভিবাসনের জন্য দক্ষ শ্রমশক্তিতে রূপান্তরের লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | অভিবাসিত বাস্তুচ্যুতদের সংখ্যা | ১-৫ |
| ৩.২.১০ | বৃত্তিমূলক প্রশিক্ষণ ও জীবিকা উন্নয়ন কর্মসূচিগুলো চালু করার আগে, যারা এ সকল কার্যক্রমে অংশগ্রহণ করবে সে সব পেশায় তাদের চাকরি পাওয়ার সম্ভাবনা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় বাজার বিশ্লেষণ করা। | ১) বৃত্তিমূলক প্রশিক্ষণ ও জীবিকা উন্নয়ন কর্মসূচির আওতায় একটি রিসোর্স টিম গঠন করে বাজার বিশ্লেষণ করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাজার গবেষণা প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বাজার বিশ্লেষণ রিপোর্ট | ১-৫ |
| | | ২) প্রযুক্তিগত শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে দক্ষ জনগোষ্ঠী তৈরি করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও যোগাযগ প্রযুক্তি বিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | দক্ষ জনগোষ্ঠীর সংখ্যা | ১-৫ |
| | | ৩) প্রয়োজনীয়তা নিরূপণ করে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা | শিক্ষা মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর এবং জাতীয় | প্রশিক্ষণের সংখ্যা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | | | উন্নয়ন দক্ষতা কর্তৃপক্ষ | | |
| ৩.২.১১ | বড় কারখানাগুলোকে বাস্তুচ্যুত মানুষদের নিয়োগ দিতে উদ্বুদ্ধ করা। বেসরকারি খাতকে তাদের করপোরেট সামাজিক দায়িত্ব কার্যক্রমের অধীনে বাস্তুচ্যুত ব্যক্তিদের নিয়োগ দিতে উৎসাহিত করা। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের বিশেষ সুপারিশের ব্যবস্থা চালু করা। | ১) স্থানীয় সরকার ও করপোরেট/প্রাইভেট সংস্থাগুলোর সমন্বয়ের মাধ্যমে বাস্তুচ্যুত মানুষদের কর্মক্ষেত্রে নিয়োগে অগ্রাধিকার নিশ্চিত করতে হবে | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বিজিএমইএ, বিকেএমইএ, এফবিসিসিআই এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা | ৫ |
| | | ২) বাস্তুচ্যুতদের জন্য কোটা সিস্টেম নিশ্চিত করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং বানিজ্য মন্ত্রণালয় | কোটা নীতিমালা | ৫ |
| ৩.২.১২ | ব্যক্তির ইচ্ছা ও আগ্রহ ব্যতিরেকে তার সম্পত্তি ব্যবহারের জন্য কোনও প্রকার চাপ প্রয়োগ না করা। | ১) স্থানীয় প্রশাসন বাস্তুচ্যুত মানুষদের নিরাপত্তা প্রদান করবে | স্থানীয় সরকার বিভাগ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এনজিও বিষয়ক ব্যুরো এবং সিভিল সমাজের প্রতিষ্ঠান | বাস্তুচ্যুত ব্যক্তিদের সম্পত্তির চেকলিস্ট প্রকাশিত | ৭ |
| | | ২) বাস্তুচ্যুত ব্যক্তিদের সম্পত্তির চেকলিস্ট তৈরি ও সংরক্ষণ করতে হবে | | | | |
| ৩.২.১৩ | বাস্তুচ্যুত ব্যক্তিদের জমি ক্রয়ের জন্য স্বল্প সুদে ঋণ অথবা ভর্তুকি প্রদানের ব্যবস্থা করা। | ১) সহজ শর্তে ঋণসুবিধা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | অর্থ বিভাগ, বাংলাদেশ এনজিও ব্যুরো এবং ঋণ প্রদানকারী আর্থিক প্রতিষ্ঠান | ব্যাংক ও অন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ইনসেন্টিভ প্যাকেজ ঘোষণা | ৫ |
| ৩.২.১৪ | বাস্তুচ্যুত সকল ব্যক্তির সমন্বিত ও লিঙ্গ সংবেদনশীল স্বাস্থ্য ও পুষ্টি সেবা নিশ্চিত করা। বিশেষ করে দরিদ্র শ্রেণির ব্যক্তিদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা। প্রত্যন্ত অঞ্চলে ভ্রাম্যমাণ ক্লিনিক সেবা চালু করা। | ১) স্বাস্থ্যসেবায় বাস্তুচ্যুতদের অন্তর্ভুক্তকরণ ও প্রাধিকার দেওয়া | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় ও জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত নীতিমালা, স্বাস্থ্যসেবাপ্রাপ্ত বাস্তুচ্যুতদের সংখ্যা | ১-৫ |
| | | ২) জাতীয় খাদ্য এবং পুষ্টি নিরাপত্তা নীতিমালা ২০২০-এ বাস্তুচ্যুতদের চাহিদা অন্তর্ভুক্ত করা | খাদ্য মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা | ১-৫ |
| | | ৩) মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা | ১-৫ |

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তা প্রদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৪) বাস্তুচ্যুত মহিলাদের সুরক্ষা উন্নয়নের ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা | ১-৫ |
| | | ৫) ট্রমা কাউন্সেলিং প্রদান করে তাদেরকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে নিয়ে আসতে সহযোগিতা করার ব্যবস্থা করা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত নীতিমালা | ১-৫ |
| ৩.২.১৫ | সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বাস্তুচ্যুত মানুষদের জন্য প্রয়োজনে সামাজিক ভাতা কার্যক্রম চালু করা। | ১) বাস্তুচ্যুতদের ডেটাবেস অনুযায়ী সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় দুস্থদের সামাজিক ভাতা চালু করা | সমাজকল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | চালুকৃত সামাজিক সেফটি নেট কার্যক্রম | ১-৫ |
| | | ২) ইজিপিপি/ অন্যান্য সোশ্যাল সেফটিনেট প্রোগ্রামে বাস্তুচ্যুতদের আওতাভুক্ত করা | প্রধানমন্ত্রীর কার্যালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | চালুকৃত সামাজিক সেফটি নেট কার্যক্রম | ১-৫ |
| ৩.২.১৬ | বাস্তুচ্যুত ব্যক্তিদের ভোটে অংশগ্রহণের অধিকার নিশ্চিত করা। সকল বাস্তুচ্যুত ব্যক্তি ও প্রান্তিক সামাজিক গ্রুপগুলোর জন্য প্রত্যাবর্তন, সমন্বিতকরণ এবং পুনর্বাসনের সিদ্ধান্ত গ্রহণের বেলায় অংশগ্রহণের সুযোগ রাখা। | ১) বাস্তুচ্যুতদের ভোটাধিকার বিষয়ে সচেতন করা | নির্বাচন কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সচেতনতা কার্যক্রমের সংখ্যা | ৩ |
| | | ২) বাস্তুচ্যুতদের ভোটাধিকার নিশ্চিত করার লক্ষ্যে রাজনৈতিক নেতাদের জন্য সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | নির্বাচন কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং স্থানীয় ও জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সচেতনতা কার্যক্রমের সংখ্যা | ৩ |

## ৪. স্থায়ী সমাধানসমূহ (Durable Solutions)

**উদ্দেশ্য:** বাস্তুচ্যুত মানুষের সাংবিধানিক অধিকার সমূহের  আলোকে এই পর্যায়ে রাষ্ট্র কর্তৃক বাস্তুচ্যুতদের সম্মানজনকভাবে স্থায়ী সমাধানে পুনর্বাসন নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপগুলো গ্রহণ করা এবং ইন্টার-এজেন্সি স্ট্যান্ডিং কমিটির (IASC)'র স্থায়ী সমাধানের কাঠামো অনুযায়ী এমন পরিস্থিতির স্থায়ী সমাধান করা যাতে দুর্যোগের কারণে সৃষ্ট কোনও সমস্যা মোকাবিলায় বাস্তুচ্যুত ব্যক্তিদের আর বাইরের কোনও সহযোগিতার প্রয়োজন না হয়।

**কৌশলগত সাড়াদান (Strategic response)**: বাস্তুচ্যুতির সংকট দীর্ঘায়িত হতে না দিয়ে তার স্থায়ী সমাধান নিশ্চিত করার জন্য তিন ধরনের পদক্ষেপ নেয়া। এগুলো হলো:

অ) দুর্যোগ শেষ হয়ে গেলে নিজ এলাকায় প্রত্যাবর্তন;

আ) নিজ এলাকায় প্রত্যাবর্তন সম্ভব না হলে বাস্তুচ্যুত হয়ে যে এলাকায় বসবাস করেছে সেখানেই একীভূত হওয়ার সুযোগ তৈরি করা;

ই) যেসব ক্ষেত্রে এই দুটো সমাধানের কোনোটাই সম্ভব নয় সেসব ক্ষেত্রে অন্যত্র স্থানান্তর ও পরিকল্পিত পুনর্বাসন। দুর্যোগের পরে স্ব-স্থানে প্রত্যাবর্তনই সবচেয়ে গ্রহণযোগ্য সমাধান।

যদি স্ব-স্থানে প্রত্যাবর্তন অসম্ভব বা কাঙ্খিত না হয় সে ক্ষেত্রে অন্য দুই বিকল্প বিবেচনায় রাখা যেতে পারে।

**কৌশলপত্রে বিবেচ্য মূলনীতি সমূহ:** পুনর্বাসন; নগর উন্নয়ন (জাতীয় নগর উন্নয়ন নীতিমালা ২০১৯ খসড়া); পল্লি উন্নয়ন (জাতীয় পল্লি উন্নয়ন নীতিমালা, ২০০১); ভূমি নীতিমালা (জাতীয় ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১); গৃহায়ন নীতিমালা (জাতীয় গৃহায়ন নীতিমালা, ২০১৬ )

**প্রধান কার্যক্রম (স্থায়ী সমাধান)**

বাস্তুচ্যুত ব্যক্তি স্বেচ্ছায় বাছাই করবে স্থায়ী তিনটি সমাধানের মাঝে কোনটি তার জন্য সবচেয়ে বেশি উপযোগী, নিজ বসতভিটায় ফেরা, স্থানীয় পর্যায়ে একীভূতকরণ অথবা নিরাপদ ও পরিকল্পিত পুনর্বাসন। যে কারণে বাস্তুচ্যুত হয়েছে, সেই অবস্থার পরিবর্তন ঘটলে তাঁকে স্ব-এলাকাটি বাস উপযোগী কিনা এবং সেখানে ফিরে যাবেন কিনা সে বিষয়ে নিজস্ব সিদ্ধান্ত গ্রহণের সুযোগ দেওয়া। এই ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং পরামর্শ দানের ব্যবস্থা নিশ্চিত করা। এই প্রক্রিয়াটিকে প্রতিনিধিত্বশীল ও অংশগ্রহণমূলক করা।

| উপধারা | মূল বিষয়সমূহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| ৪.১ **প্রত্যাবর্তন** | | | | | | |
| ৪.১.১ | স্ব-এলাকায় প্রত্যাবর্তন স্থায়ী সমাধান কিনা তা বুঝতে হলে প্রয়োজন সেই | ১) উপধারা ২.১.৪-এ প্রস্তাবিত কমিউনিটি ঝুঁকি নিরূপণ পদ্ধতির (সিআরএ) মাধ্যমে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জননিরাপত্তা বিভাগ এবং | নিরাপত্তা যাচাই প্রতিবেদন | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | এলাকার সুরক্ষা ও নিরাপত্তার অবস্থা যাচাই করা। | প্রত্যাবর্তন সম্ভাব্য এলাকার নিরাপত্তা যাচাই করা | | উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | | |
| | | ২) এলাকাভিত্তিক দুর্যোগ ঝুঁকি মূল্যায়নের ভিত্তিতে ভুক্তভোগীদের প্রত্যাবর্তন বিষয়ক পরামর্শ প্রদান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রতিবেদন পরামর্শসভার সংখ্যা | ৫ |
| ৪.১.২ | বাস্তুচ্যুত ব্যক্তিদের তাদের পূর্বের এলাকার বিদ্যমান অবস্থা সম্পর্কে প্রাসঙ্গিক ও সঠিক তথ্য প্রদান করা যাতে তারা স্বেচ্ছায় প্রত্যাবর্তনের সিদ্ধান্ত নেবার আগে নিজেরাই অবস্থা যাচাই করতে পারে। এ ক্ষেত্রে স্ব-এলাকায় দেখে আসার সুযোগ তৈরি করা। | ১) এলাকাভিত্তিক দুর্যোগ ঝুঁকিচিত্র সাধারণ ভাষায় বাস্তুচ্যুতদের কাছে প্রকাশ করার জন্য পোস্টারিং এবং লিফলেট তৈরি | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রকাশিত পোস্টার ও লিফলেট | ৫ |
| | | ২) হাটসভা উঠান বৈঠক ও স্বেচ্ছাসেবী প্রেরণের মাধ্যমে এসব তথ্য প্রচার | | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | উঠান বৈঠকের সংখ্যা হাটসভার সংখ্যা | ৫ |
| | | ৩) ক্ষেত্রবিশেষে বাস্তুচ্যুত ব্যক্তিদের প্রতিনিধিদের নিয়ে প্রত্যাবর্তন এলাকা পরিদর্শনের ব্যবস্থা করা | | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বাস্তুচ্যুত ব্যক্তিদের প্রতিনিধি নিয়োগ, ভিজিটের সংখ্যা | ৫ |
| | | ৪) স্বেচ্ছায় প্রত্যাবর্তনের জন্য পরিবহনের ব্যবস্থা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয় | পরিবহনের সংখ্যা | ৩ |
| ৪.১.৩ | প্রতিবেশব্যবস্থা এবং প্রতিবেশব্যবস্থার সুবিধা সুরক্ষার উপায় নিশ্চিত করা। স্ব - এলাকায় ফিরে যাওয়া ব্যক্তির বাড়ি , ভূমি এবং সম্পত্তির অধিকার প্রতিষ্ঠিত করা এবং প্রয়োজনে এইচএলপি (HLP) বিকল্পের সুযোগসহ ক্ষতিপূরণ প্রদান করা। | ১) অঞ্চলভিত্তিক বাস্তুতন্ত্র বৈচিত্র্য (ইকোসিস্টেম ডাইভার্সিটি) বিবেচনায় নিয়ে স্থানীয় প্রজাতির বৃক্ষরোপণ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বন অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | রোপিত বৃক্ষের সংখ্যা বৃক্ষরোপণ কার্যক্রমের সংখ্যা | ৫-২০ |
| | | ২) প্রত্যাবর্তিত এলাকায় বাড়ি, ভূমি এবং অন্যান্য সম্পদের সুরক্ষার জন্য ভৌত অবকাঠামোগত (হেরিংবোন বন্ড রোড, বাঁধ উঁচু করা, বনায়ন, পোল্ডার ব্যবস্থাপনা) প্রকল্পের চাহিদা নিরূপণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, এলজিইডি, সিইজিআইএস, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান, গবেষনণা প্রতিষ্ঠান এবং স্থানীয় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান | চাহিদা নিরূপণে বিশেষজ্ঞ নিয়োগের টিওআর, চাহিদা নিরূপণ প্রতিবেদন | ৫-২০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৩) ভূমি ও সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন ধরনের জীবিকাবিষয়ক দক্ষতা প্রশিক্ষণ প্রদান | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং ব্যক্তিখাত ব্যবসা প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা | ৫-২০ |
| | | ৪) প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের সুরক্ষা, ভূমি ব্যবহার এবং অধিকার নিশ্চিত করতে জাতীয় এবং আন্তর্জাতিক জলবায়ু তহবিলের অর্থায়নের মাধ্যমে বহুমুখী প্রকল্প গ্রহণ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পিকেএসএফ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান | প্রকল্প চাহিদা নিরূপণ প্রতিবেদন, প্রকল্পের তালিকা | ১০ |
| | | ৫) এইচএলপি অধিকার বিষয়ে বাস্তুচ্যুত জনগোষ্ঠীকে সচেতন করা। একই সাথে এইচএলপি-সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি ব্যক্তিদের জন্য সেন্সিটাইজেশন কার্যক্রম পরিচালনা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সচেতনতা কার্যক্রমের মডিউল, কার্যক্রমের সংখ্যা | ৫-২০ |
| | | ৬) স্থানীয় ডিসপিউট কমিটি গঠনের মাধ্যমে প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের এইচএলপি অধিকার প্রতিষ্ঠা করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | জননিরাপত্তা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গঠিত কমিটির তালিকা বিরোধ নিষ্পত্তির সংখ্যা | |
| | | ৭) প্রত্যাবর্তিত বাস্তুচ্যুত জনগোষ্ঠী এবং পূর্ব থেকে বসবাসরত অন্যান্য জনগোষ্ঠীর অংশগ্রহণে সামাজিক অনুষ্ঠানের আয়োজন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সামাজিক অনুষ্ঠানের সংখ্যা | ৫-২০ |
| ৪.১.৪. | স্ব-এলাকায় ফিরে যাওয়া ব্যক্তির পর্যাপ্ত জীবন মান এবং মৌলিক সেবা নিশ্চিত করতে এলাকাগুলোয় বসত বাড়ি, খাবার পানি এবং মৌলিক সেবা সম্পর্কিত অবকাঠামো পুনঃনির্মাণে সহায়তা করা। | ১) দুর্যোগের পরে বাস্তুচ্যুতদের প্রয়োজনীয়তা নিরূপণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন | ফিরে আসা বাস্তুচ্যুতদের সংখ্যা | ৫ |
| | | ২) প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের মাঝে জীবিকা নির্বাহের জন্য প্রয়োজনীয় এনএফআই (যেমন বীজ, গাছের চারা, মাছ ধরার সরঞ্জাম, কৃষি সরঞ্জাম) প্রদান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং স্থানীয় ও জাতীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | বণ্টিত সরঞ্জামের তালিকা | ৫-২০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ৩) সাম্প্রদায়িক সম্প্রীতি, জীবিকা নির্বাহ, জীবন মানোন্নয়ন, মৌলিক সেবা নিশ্চিতে প্রত্যাবর্তিত এলাকায় ‘কুইক ইমপ্যাক্ট প্রকল্প’ প্রণয়ন এবং বাস্তবায়ন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত প্রকল্প প্রস্তাবনা | ৫-২০ |
| | | ৪) প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের দুত সামাজিক নিরাপত্তা স্কিমের আওতায় এনে খাদ্য/অর্থ সহায়তা, মা-শিশু পুষ্টি, স্কুল টিফিন ইত্যাদি জীবিকা সহায়ক কার্যক্রম গ্রহণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পরিবর্তিত সামাজিক নিরাপত্তা নীতিমালা, গৃহীত প্রকল্পের তালিকা | ৫-২০ |
| | | ৫) ‘পারচেজ ফর প্রোগ্রেস’ (পিফরপি) প্রোগ্রামের মাধ্যমে মার্কেট লিংকেজ তৈরি করে প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের উৎপাদিত ফসলাদি বাজারজাতকরণের ব্যবস্থা করা | কৃষি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাজার গবেষণা প্রতিষ্ঠান এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রণীত পিফরপি প্রোগ্রাম প্রস্তাবনা | ৫-২০ |
| ৪.১.৫ | সরকারি, ব্যক্তি খাত , এনজিও এবং আইএনজিও প্রতিষ্ঠান সমূহের অংশীদারিত্বের মাধ্যমে ফিরে যাওয়া বাস্তুচ্যুত মানুষের জন্য স্বল্প মূল্যে দুর্যোগ ও জলবায়ু সহিষ্ণু বসত বাড়ি সরবরাহের ব্যবস্থা করা। দুর্যোগের ধরন অনুযায়ী স্বল্প মূল্যের বাড়ির নকশা করা। জাতীয় ভূমি নীতিমালার ধারা অনুযায়ী ভূমিহীন মানুষদের জন্য জমি পেতে সহায়তা করা। বরাদ্দকৃত জমিগুলোতে বিশুদ্ধ খাবার পানি ও অবকাঠামোগত সুদৃঢ় অবস্থান , মূল কর্মক্ষেত্রের | ১) এলাকাভিত্তিক ভৌগোলিক বৈশিষ্ট্য এবং দুর্যোগ ঝুঁকি বিবেচনায় নিয়ে বসতবাড়ির চাহিদা নিরূপণ করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | চাহিদা নিরূপণ প্রতিবেদন | ৫ |
| | | ২) ২.৩.১৭ উপধারায় বর্ণিত পদ্ধতিতে দুর্যোগ ও জলবায়ুসহিষ্ণু বসতবাড়ির নকশা প্রণয়ন এবং প্রচার করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ হাউজ বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট এবং বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগ | প্রণীত নকশার তালিকা, ওয়েবসাইটে উন্মুক্ত নকশা, নকশার লিফলেট | ৫ |
| | | ৩) কমিউনিটিকেন্দ্রিক বিশুদ্ধ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা চালু করা। ব্যক্তিমালিকানাধীন এবং জাতীয়-আন্তর্জাতিক লাভজনক ব্যবসা প্রতিষ্ঠানকে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, ব্যাক্তিখাত প্রতিষ্ঠান এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গৃহীত সিএসআর কার্যক্রম | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | নিকটতম, সেবাদান প্রতিষ্ঠান , শিক্ষাপ্রতিষ্ঠান ইত্যাদি সুদৃঢ় অবস্থান নিশ্চিত করে ভূমি প্রদান প্রকল্প গ্রহণ করা। এ ক্ষেত্রে স্থানীয় অভিজ্ঞতালব্ধ জ্ঞান ব্যবহার করা (সুপেয় পানি , এলিভেটেড টিউবওয়ে ল এবং ল্যাট্রিন , বন্যা ও লবণাক্ততা সহিষ্ণু শস্য উৎপাদন, ভাসমান কৃষি, ভাসমান খাঁচায় মাছ চাষ ইত্যাদি) | প্রত্যাবর্তিত এলাকায় এ ধরনের প্রকল্প বাস্তবায়ন করতে পরামর্শ প্রদান করা | | | | |
| | | ৪) প্রত্যাবর্তিত এলাকায় টেকসই স্ব-কর্মসংস্থান এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ গড়ে তোলার জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম, নারী উদ্যোক্তা প্রশিক্ষণ, যুব প্রশিক্ষণ, জলবায়ু অভিযোজন কৌশল, ভোকেশনাল প্রশিক্ষণ প্রদান | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ, ব্যক্তিখাত প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা | ৫-২০ |
| | | ৫) জলবায়ুসহিষ্ণু কৃষিপদ্ধতিতে বৈচিত্র্য এনে বিভিন্ন এলাকার জন্য ব্যবহার উপযোগী করা। প্রত্যাবর্তিত বাস্তুচ্যুতদের ব্যবহারে উৎসাহিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | এলাকাভিত্তিক ভাসমান কৃষির মডেল, উৎসাহ প্রদান কার্যক্রম | ৫-২০ |
| | | ৬) উপধারা ২.৫.৪ বর্ণিত কার্যক্রম | | | চাহিদা নিরূপণ প্রতিবেদন | |
| ৪.১.৬ | ঋণ সুবিধা সরবরাহ করা যাতে গৃহ নির্মাণ, খামার এবং দোকানপাট ইত্যাদি প্রতিষ্ঠা করে পুনর্বাসন এলাকা বাসযোগ্য করা যায়। এই কার্যক্রমে বিপদাপন্ন বিভিন্ন মানুষজনকে যেমন : নারী, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি , ক্ষুদ্র নৃগোষ্ঠী, ধর্মীয় সংখ্যালঘু , জীবিকা নির্বাহের সুযোগ পায় না এমন অতি দরিদ্র , সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বাইরের এ ধরনের মানুষজনকে বিবেচনায় আনা। | ১) পুনঃ একত্রীকরণ (রি-ইন্টিগ্রেশন) ঋণ প্রকল্প গ্রহণ এবং তার জন্য বাজেট বরাদ্দ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | অর্থ বিভাগ, সরকারি বেসরকারি ব্যাংক এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান | গৃহীত প্রকল্পের তালিকা, অর্থ বরাদ্দের পত্র | ১০ |
| | | ২) সরকারি-বেসরকারি ব্যাংকের মাধ্যমে বিভিন্ন টেকসই উদ্যোক্তাবিষয়ক প্রশিক্ষণ প্রদান | বাংলাদেশ ব্যাংক | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, আর্থিক গবেষণা প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | প্রশিক্ষণের সংখ্যা প্রশিক্ষণার্থীর সংখ্যা | ১০-২০ |
| | | ৩) সরকারি-বেসরকারি ব্যাংকের মাধ্যমে ঋণ প্রদান | বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগ, সরকারি বেসরকারি ব্যাংক এবং নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান | বিতরণ করা ঋণের পরিমাণ | ১০ |
| | | ৪) বাংলাদেশের প্রথম ক্রাউডফান্ডিং প্লাটফর্ম ‘একদেশ’-এর মাধ্যমে পুনর্বাসন এলাকায় বাস্তুচ্যুতদের জন্য বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে আর্থিক অনুদান বা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ব্যাক্তি ও ব্যাক্তিখাত প্রতিষ্ঠান | অনুদান ও তহবিলের পরিমাণ | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | তহবিলের জোগান | | | | |
| ৪.১.৭ | প্রত্যাবর্তিত এলাকাগুলোতে জীবিকা নির্বাহের সুযোগ পুনঃপ্রতিষ্ঠা অথবা বিকল্প জীবিকা নির্বাহের সুযোগ সৃষ্টি করা। | ১) এলাকাভিত্তিক গবেষণার মাধ্যমে স্থানীয় সম্পদের আলোকে গবেষণার ভিত্তিতে ব্যবসায়িক মডেল প্রস্তুত, প্রশিক্ষণ, ঋণ প্রদান কার্যক্রম | বাণিজ্য মন্ত্রণালয় | পিকেএসএফ | দুর্যোগ-উত্তর পুনর্বাসিত বাস্তুচ্যুতদের সংখ্যা | ৫-২০ |
| ৪.১.৮ | নারী, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি, ক্ষুদ্র নৃগোষ্ঠী, ধর্মীয় সংখ্যালঘু, অতি দরিদ্র মানুষদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা। আয় সৃষ্টির উৎসসমূহ বৃদ্ধির লক্ষ্যে বাস্তুচ্যুত পরিবারের সদস্যের জন্য আন্তর্জাতিক শ্রম অভিবাসনের সুযোগ সৃষ্টি করা। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের সহযোগিতায় বাস্তুচ্যুত পরিবারের সদস্যদের কাজের জন্য মধ্যপ্রাচ্য বা দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশে যাওয়ার খরচ বহনের নিমিত্ত ঋণ সহায়তার সুযোগ সৃষ্টি করা। | ১) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড অ্যাক্ট-এর ২০১৮ ধারা ৯ অনুযায়ী নারী শ্রমিকদের বিশেষ প্রশিক্ষণের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করা | সমাজকল্যাণ মন্ত্রণালয় | মহিলা ও শিশু মন্ত্রণালয়, ওয়েজ আনার্স কল্যাণ বোর্ড প্রবাসীকল্যাণ ব্যাংক, জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | এলাকাভিত্তিক প্রশিক্ষণের সংখ্যা | ৫-২০ |
| | | ২) উপধারা ৪.১.৩ থেকে ৪.১.৬-এর কার্যক্রম | | | | |
| **৪.২. স্থানীয়ভাবে একীভূতকরণ** | | | | | | |
| ৪.২.১ | খসড়া Strategy for Urban Sector Development-2015 এ জাতীয় নগর সেক্টর নীতিমালা, ২০১৪-এ বিভিন্ন ধারায় যে সুযোগগুলো বর্ণিত আছে, অনানুষ্ঠানিক বসতিগুলোতে বসবাসরত বাস্তুচ্যুত ব্যক্তিরা যাতে সেগুলো ভোগ করতে পারে তা নিশ্চিত করা। শহরের যেসব স্থানে বস্তি রয়েছে, সেগুলোর মান | ১) জাতীয় নগর নীতিমালা ২০১৪-তে বাস্তুচ্যুতদের অধিকার অন্তর্ভুক্ত করে তা দ্রুত বাস্তবায়ন করা। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবর্তীত নীতিমালা, নীতিমালা প্রণয়নের গেজেট | ১০ |
| | | ২) উপজেলা এবং পৌরসভা পর্যায়ের মাস্টারপ্ল্যানে বাস্তুচ্যুতদের বসবাসের সুবিধা অন্তর্ভুক্ত করা | স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবর্তিত নীতিমালা | ১০ |
| | | ৩) শহর এবং উপশহরগুলোতে সংবেদনশীল (সেনসিটিভ) ভূমি ব্যবহার | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং | গৃহীত নীতিমালা | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | উন্নয়ন এবং শহুরে দরিদ্র ভাড়াটিয়াদের অধিকারের সুরক্ষা প্রদান করা। | পরিকল্পনা প্রণয়ন করা | | স্থানীয় সরকার বিভাগ | | |
| | | ৪) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের মত প্রতিষ্ঠানের অভিজ্ঞতা নগরায়ণের দুর্যোগ মোকাবিলায় কাজে লাগিয়ে বস্তিবাসীর মানোন্নয়ন করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | গৃহীত নীতিমালা | ১০ |
| ৪.২.২ | উচ্ছেদের ক্ষেত্রে বস্তিবাসী এবং ভাসমান লোকদের জন্য উপযুক্ত পুনর্বাসনের ব্যবস্থা রাখা। জমির মালিকানা হস্তান্তর না করে, বেসরকারি খাত ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের অংশীদারিত্বে স্বল্প ভাড়ায় গৃহায়ণ প্রকল্প পরিচালনা করা। ভাড়াটিয়ার অধিকার নিশ্চিত করতে Usufruct প্রকল্প বাস্তবায়ন করা যায় কিনা তা খতিয়ে দেখা। | ১) রাষ্ট্রীয় উদ্যোগে নগর এলাকাগুলোতে স্বল্প ভাড়ায় বহুতলবিশিষ্ট বাসস্থান নির্মাণ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সংশ্লিষ্ট নগর উন্নয়ন কর্তৃপক্ষ | স্বল্প ভাড়ার গৃহায়ণ প্রকল্পের সংখ্যা | ১৫ |
| | | ২) গৃহায়ন প্রকল্প পরিচালনায় ব্যক্তি খাত অথবা এনজিওর মাধ্যমে এনজিওদের এজেন্টের নিয়োগদানের মাধ্যমে স্বল্প ভাড়ার ব্যবস্থাপনা পরিচালনা করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সংশ্লিষ্ট নগর উন্নয়ন কর্তৃপক্ষ এবং এনজিও বিষয়ক ব্যুরো | স্বল্প ভাড়ার গৃহায়ন প্রকল্পের সংখ্যা | ১৫ |
| ৪.২.৩ | বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য ভূমি ইজারা, ভাড়া ও বিক্রি করার ক্ষেত্রে গোষ্ঠীভিত্তিক উদ্যোগ গ্রহণ করা। আয় সৃষ্টির জন্য যৌথ খামার উৎসাহিত করা। এসব বিষয়ে ঋণ প্রদান করা। | ১) মাঠ গবেষণার মাধ্যমে এলাকাভিত্তিক যৌথ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করা<br>২) ভূমি ইজারা বিষয়ে তথ্যাদি সংগ্রহ করা | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | প্রকল্পের সংখ্যা | ১৫ |
| | | ২) বাস্তুচ্যুতদের জন্য চাহিদা ও দক্ষতা অনুযায়ী প্রকল্প গ্রহণ, ঋণসহায়তা, প্রশিক্ষণ প্রদান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | প্রকল্পের সংখ্যা | ১৫ |
| | | ৩) বিভিন্ন খাসজমি চিহ্নিত করে তার ২০ শতাংশর ব্যবহার বাস্তুচ্যুতদের জন্য সংরক্ষণ করার লক্ষ্যে অ্যাডভোকেসি | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, মৎস ও প্রানি সম্পদ মন্ত্রণালয়, | নীতিমালা প্রণয়ন/ সংশোধন | ১০ |
| ৪.২.৪ | জীবিকা নির্বাহের জন্য বিভিন্ন স্থানীয় | ১) দুর্যোগ-উত্তরকালে আশপাশে যেসব | স্থানীয় সরকার | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, | প্রোগ্রামের সংখ্যা | ১৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | প্রকল্প গ্রহণ এবং সেবার মান বাড়িয়ে অভিবাসন এলাকায় একীভূতকরণ সহজ করা। স্থানীয় শ্রম বাজারে প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে নারী , শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি, ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং ধর্মীয় সংখ্যালঘুদের অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করা। বাস্তুচ্যুত ব্যক্তিদের পরিবারের সদস্যদের স্বল্পমেয়াদি আন্তর্জাতিক বাজারে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে দেওয়া। | এলাকায় বাস্তুচ্যুতরা অভিবাসিত হয়েছে সেখানে স্থানীয় জনগোষ্ঠীকে সাথে নিয়ে অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক কর্মকান্ড সংক্রান্ত প্রকল্প গ্রহণ<br><br>২) গ্রোথ সেন্টার স্থাপন করা | বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | | |
| ৪.২.৫ | স্থানীয় একীভূতকরণ কার্যক্রমে ওই এলাকার আগে থেকে বসবাসরত স্থানীয় জনগোষ্ঠীকে অংশীদার করে নেওয়া। স্থানীয়দের সঙ্গে সংঘর্ষ এড়াতে , যেসব সুযোগ বা স্তুচ্যুতদের জন্য তৈরি হবে , সেগুলোতে ওই এলাকার দরিদ্র লোকদের জন্য সুযোগ সৃষ্টি করা। | ১) ঐ<br>২) ঐ | স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | | |
| ৪.২.৬ | বাস্তুচ্যুত মানুষ ও স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে যেকোনও বিবাদ স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকারি প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে মিটমাট করার প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলা। | ১) ডিসপিউট রেজুল্যুশন কমিটি গঠন | স্থানীয় সরকার বিভাগ | জননিরাপত্তা বিভাগ | গঠিত কমিটির স্ট্রাকচার এবং কার্যাদেশ | ১৫ |
| | | ২) অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থায় বাস্তুচ্যুতদের অন্তর্ভুক্ত করা | স্থানীয় সরকার বিভাগ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জননিরাপত্তা বিভাগ | গঠিত কমিটির স্ট্রাকচার এবং কার্যাদেশ | ১৫ |
| ৪.২.৭ | বাস্তুচ্যুতরা যাতে তাদের অভিবাসনের স্থানে সামাজিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারে তার সুযোগ তৈরি করা। | ১) নিম্ন আয়ের বাস্তুচ্যুতদের পরিবার এবং বসবাসরত স্থানীয় জনগনের সন্তানদের জন্য বিভিন্ন সাংস্কৃতিক (নাচ, গান, কবিতা, আবৃত্তি, ছবি আঁকা স্থানীয় সাংস্কৃতিক একাডেমিসমূহের মাধ্যমে নাচ, গান, আবৃত্তি শেখানো | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, শিল্পকলা একাডেমী, নজরুল ইনস্টিটিউট এবং স্থানীয় সাংস্কৃতিক সংগঠন | সাংস্কৃতিক প্রোগ্রামের সংখ্যা, শিক্ষার্থীর সংখ্যা | ৫-২০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | ২) বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোতে যেমন: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, পয়লা বৈশাখ, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ও ধর্মীয় অনুষ্ঠানগুলোতে অন্য এলাকায় বসবাসরতদের অংশগ্রহণ নিশ্চিত করা | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, শিল্পকলা একাডেমী, নজরুল একাডেমী এবং স্থানীয় সাংস্কৃতিক সংগঠন | অনুষ্ঠানে অংশগ্রহনের তালিকা | ১৫ |
| ৪.২.৮ | যে কোনও দলিল ও কাগজপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে তা পুনরায় পাওয়ার এবং এর মাধ্যমে বৈষম্যহীনভাবে সেবা পাওয়ায় বাস্তুচ্যুতদের সুযোগ নি শ্চিত করা। | ১) বাস্তুচ্যুতি প্রত্যয়নপত্র প্রদর্শন সাপেক্ষে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে সেবাপ্রাপ্তির ক্ষেত্রে দলিলাদি সম্পর্কিত শর্ত শিথিল করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সরকারের বিভিন্ন মন্ত্রণালয় এবং বেসরকারি প্রতিষ্ঠান | সরকারি কার্যাদেশ | ৮ |
| ৪.২.৯. | দুর্যোগের কারণে পরিবারের কোনও সদস্য বিচ্ছিন্ন হয়ে পড়লে তাদের পুনর্মিলনের/পুনঃ একত্রীকরণ ব্যবস্থা করা এবং নির্ভরশীল সদস্য যেমন: শিশু, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি ও বয়োবৃদ্ধ ব্যক্তিদের মূল পরিবারের সঙ্গে থাকার সুযোগ নিশ্চিত করা। | ১) দুর্যোগের পরে বাস্তুচ্যুতদের যে তথ্য-উপাত্ত সংগ্রহ হচ্ছে, তার ভিত্তিতে কেউ হারিয়ে গেল কি না তা পর্যবেক্ষণ করা এবং হারিয়ে যাওয়া ব্যক্তিদের ডাটা প্রস্তুত করা | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | পর্যবেক্ষণ প্রতিবেদন | ২-২০ |
| | | ২) দুর্যোগের পরে কেউ হারিয়ে গেলে হারানো বিষয়ে স্থানীয়/জাতীয় দৈনিক, লোকাল স্যাটেলাইট টিভি, টেলিভিশন এবং রেডিওতে বিজ্ঞপ্তি প্রদান করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | বিজ্ঞপ্তির কপি | ২-২০ |
| | | ৩) টিভি অথবা রেডিও প্রোগ্রামের মাধ্যমে হারানো ব্যক্তিকে খোঁজার উদ্যোগ গ্রহণ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় | প্রচারিত প্রোগ্রাম | ১০ |
| ৪.২.১০ | বাস্তুচ্যুত ব্যক্তিদের নির্বাচন কমিশনে নিবন্ধনের জন্য পদক্ষেপ নেওয়া। বিশেষ করে ভোটার আইডি কার্ড বরাদ্দ করা। | ১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং নির্বাচন কমিশনের মধ্যে বৈঠক | নির্বাচন কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সিভিল সমাজের প্রতিষ্ঠান | নতুন নীতিকাঠামো ও গেজেট প্রকাশ | ৮ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | বাংলাদেশের নাগরিক হিসেবে বাস্তুচ্যুত ব্যক্তির নির্বাচন করা ও ভোটাধিকার প্রয়োগ করার অধিকার নিশ্চিত করা। | ২) পূর্বে নিবন্ধন বাতিল করে বর্তমান এলাকায় পুনর্নিবন্ধন | নির্বাচন কমিশন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সিভিল সমাজের প্রতিষ্ঠান | নতুন নীতি কাঠামো ও গেজেট প্রকাশ | ৮ |
| **৪.৩ পরিকল্পিত পুনর্বাসন** | | | | | | |
| ৪.৩.১ | পুনর্বাসন কার্যক্রমে দুর্যোগ কবলিত বাস্তুচ্যুত জনগোষ্ঠীর অর্থপূর্ণ অংশগ্রহণ ও অংশীদারিত্ব নিশ্চিত করা। এমন অংশগ্রহণ অবশ্যই হতে হবে অন্তর্ভুক্তিমূলক। আক্রান্ত জনগোষ্ঠীর কোনও অংশই ধর্ম, বর্ণ, লিঙ্গা, জন্মস্থান ও অক্ষমতার কারণে বৈষম্যের শিকার হবে না। | ১) অন্তর্ভুক্তিমূলক পুনর্বাসন, পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গঠিত সংগঠনের সংখ্যা | ১০ |
| | | ২) পুনর্বাসিত এলাকার তত্ত্বাবধানসহ দুর্যোগ ব্যবস্থাপনার সংশ্লিষ্ট কমিটিতে পুনর্বাসিত জনগোষ্ঠির প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | প্রতিনিধি নিয়োগের চুক্তিনামা | ১০ |
| ৪.৩.২ | পুনর্বাসন কার্যক্রমের মাধ্যমে বাস্তুচ্যুতদের সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোর সংরক্ষণের চেষ্টা করা, সামাজিক নেটওয়ার্কগুলো পুনরায় গড়ে তুলতে সহায়তা করা এবং সর্বোপরি পুনর্বাসন-এলাকায় জীবিকা নির্বাহের কার্যকর সুযোগ তৈরি করা। এ সকল পরিকল্পনাকে অংশগ্রহণমূলক করা, পর্যবেক্ষণ পদ্ধতি উন্নীতকরণ, হারানো সম্পদ এবং ভূমির জন্য ক্ষতিপূরণ প্রদান, পুনর্বাসিত জনগোষ্ঠীর বসতি ও জমি রক্ষণাবেক্ষণ, ভাড়াটিয়ার অধিকার | ১) ঐ (৪.৩.১) | সমাজকল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | | |
| | | ২) কর্মক্ষেত্র এবং যথাযথ যোগযোগ ব্যবস্থা বিবেচনায় রেখে পুনর্বাসন এলাকা নির্ধারণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | নির্ধারিত পুনর্বাসন এলাকা | ১০ |
| | | ৩) কক্সবাজার খুরশকুল আশ্রয়ণ প্রকল্পের মডেল অনুসরণ করে যথাযথ জা য়গায় পুনর্বাসন স্থান নির্ধারণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | প্রকাশিত মূল্যায়ন প্রতিবেদন, মিটিং মিনিটস | ৫ |
| | | ৪) বন্য পশু প্রাণীর চলাচলের এলাকাসহ নানা ধরনের পরিবেশগত সঙ্কটাপন্ন এলাকা বিবেচনায় নিয়ে পুনর্বাসন এলাকা নির্ধারণ করা | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | নির্বাচিত এলাকার তালিকা | ৫ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | ইত্যাদি নিশ্চিত করা। পরিবেশগতভাবে টেকসই এলাকাতেই পুনর্বাসন কাজ পরিচালনা করা। | ৫) ভূমির অর্থনৈতিক ব্যবহার , চাকুরির সুবিধা এবং উদ্যোক্তা হওয়া – এই তিন ধরনের জীবিকা নির্বাহের সুযোগ বিবেচনা করে পুনর্বাসন এলাকা নির্বাচন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | পুনর্বাসন এলাকার অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন | ১০ |
| | | ৬) বিভিন্ন সুবিধা যেমন উন্নত রান্নার চুলা, পিয়ার-টু-পিয়ার সোলার ন্যানো গ্রিড, সোলার ল্যান্টার্ন, সোলার স্ট্রীট লাইটিং, কমিউনিটি টয়লেট ইত্যাদি প্রদান করে পুনর্বাসন এলাকাকে নারী এবং শিশু বান্ধব করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | সুবিধা সমন্বিত পুনর্বাসন এলাকার মডেল | ১০ |
| | | ৭) পুনর্বাসন এলাকায় স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে মিডওয়াইফ প্রশিক্ষণ, প্রাথমিক চিকিৎসা সেবা কেন্দ্র স্থাপন, এবং পরিকল্পনা পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | প্রশিক্ষণের সংখ্যা, স্থাপিত সেবা কেন্দ্র, পরিবার পরিকল্পনা পরামর্শ গ্রহনকারীর সংখ্যা | ১৫ |
| | | ৮) পুনর্বাসন এলাকার নিরাপত্তা, অভিযোগ নিষ্পতি, এবং হোস্ট-পুনর্বাসিতদের মধ্যে সুসম্পর্ক বজায় রাখার জন্য অংশীদারিত্বমূলক কমিউনিটি রিসেটেলমেন্ট কমিটি গঠন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, আনসার ভিডিপি এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গঠিত কমিটির তালিকা | ১০ |
| ৪.৩.৩ | ভূমি মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় ও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পরামর্শে ভবিষ্যৎ পুনর্বাসনের জন্য উপযুক্ত জমি/ভূমি শনাক্ত করা। দুর্যোগ প্রবণ এলাকা থেকে নিরাপদ দূরত্বে সরকারি খাস জমি চিহ্নিত করে সংরক্ষণ করা এবং এ সকল ভূমি অন্যান্য ব্যক্তিদের বরাদ্দ নিরুৎসাহিত করা। | ১) উপধারা ২.৫.২ এ উল্লেখিত কার্যক্রমের মাধ্যমে চিহ্নিত দুর্যোগ জনিত অনিরাপদ এলাকা থেকে নিরাপদ দূরত্বে পুনর্বাসন এলাকা নির্বাচন | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | অনিরাপদ এলাকা থেকে পুনর্বাসন এলাকার দূরত্ব | ৫ |
| | | ২) উপধারা ৪.২.৩ এর কার্যক্রম অনুযায়ী ২০% খাসজমি বাস্তুচ্যুতদের জন্য বরাদ্দ করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | খাস জমি বরাদ্দের কার্যাদেশ/ প্রজ্ঞাপন | ৫ |
| | | ৩) বিভিন্ন মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মকর্তা এবং জনসাধারনের মধ্যে এ বিষয়ে | দুর্যোগ ব্যবস্থাপনা ও | সিভিল সমাজের প্রতিষ্ঠান | মিটিং | ৫-২০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | | সচেতনতা সৃষ্টি | ত্রাণ মন্ত্রণালয়ের আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটি | | | |
| ৪.৩.৪ | সরকারি ভূমি হোল্ডিংগুলো যাচাইয়ের মাধ্যমে তাদের মধ্য থেকে দীর্ঘমেয়াদি পুনর্বাসনের জন্য জমি নির্ধারণ করে সেই জমি বাজার থেকে Land set-aside programmes- এর মাধ্যমে আলাদা করে সরিয়ে রাখা। সিঙ্গাপুর বা মালদ্বীপকে অনুসরণ করে Land Reclamation পদ্ধতিতে নতুন জমি তৈরি করে অথবা সমুদ্রের জেগে ওঠা চরে ভূমি নিরাপত্তা নিশ্চিত করে এমন অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা। চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট (CDSP) এর অভিজ্ঞতা কাজে লাগিয়ে বাস্তুচ্যুতদের আবাস এবং কর্ম নিশ্চিত করা সাপেক্ষে চর এলাকায় পরিকল্পিত পুনর্বাসন করা। | ১) অনুচ্ছেদ ২.৩.৪ এর কার্যক্রম সমূহ | | | | |
| | | ২) চর এলাকায় উৎপাদিত ফসল এবং পন্যের বাজারজাতকরণের ব্যবস্থা করা। | কৃষি মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও স্থানীয় প্রশাসন | বাজারজাতকরণের জন্য সম্পাদিত সমঝোতা চুক্তি (এমওইউ) | ১৫ |
| ৪.৩.৫ | সকল প্রকার খাস জমির নথি সংরক্ষণের জন্য খাস ভূমি ব্যাংক প্রতিষ্ঠা করা। এই নথিভূক্তকরণের সময় ভূমির ধরন, অবস্থান, বণ্টন মর্যাদা, বিবাদ নিষ্পত্তির ব্যবস্থা ইত্যাদি তথ্য নথিতে রাখা। খাস জমিগুলোকে পুনর্বাসনের জন্য স্থিতিশীল উৎস হিসেবে বিবেচনা করা হয়। | ১) খাস জমি সংরক্ষণ করা<br><br>২) ভূমি ব্যাংক স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন | ১০ |
| | | ৩) ভবিষ্যতে বাস্তুচ্যুতদের জন্য পুনর্বাসন এলাকা তৈরির উদ্দেশ্যে জলবায়ু ভূমি ব্যাংক স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| ৪.৩.৬ | Community Land Trust সৃষ্টি ও ব্যবহারে উদ্বুদ্ধ করা। ট্রাস্টের ভূমির ওপর যৌথ নিয়ন্ত্রণ সব সময়ের জন্য নিশ্চিত করা। অতীতের বাস্তুচ্যুত জনগণের ব্যবহার করা ভূমি, তাদের প্রয়োজন শেষে অন্যত্র স্থানান্তরিত হয়ে গেলে পরবর্তীতে নতুনভাবে বাস্তুচ্যুত হওয়া জনগণের জন্য সেটি ব্যবহারের ব্যবস্থা। | ১) চিহ্নিত খাস জমি থেকে ২০ শতাংশ জায়গা বাস্তুচ্যুতদের যৌথ ব্যবহারের জন্য বরাদ্দ রাখা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ভূমি বরাদ্দের প্রজ্ঞাপন, সচেতনতা কার্যক্রমের তালিকা | ৫ |
| | | ২) বরাদ্দকৃত জমির ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সাধারণ মানুষদের সচেতন করা | ভূমি মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ভূমি বরাদ্দের প্রজ্ঞাপন, সচেতনতা কার্যক্রমের তালিকা | ১০ |
| ৪.৩.৭ | অগ্রাধিকারের ভিত্তিতে যেসব পরিবার নদীভাঙনের কারণে ভূমিহীন, আশ্রয়হীন অথবা বাস্তুচ্যুত হয়েছে, সেসব পরিবারকে স্বল্প মেয়াদে সরকারি আশ্রয়ণ/আদর্শ গ্রাম প্রকল্পে জাতীয় পল্লী উন্নয়ন নীতিমালা, ২০০১ অনুযায়ী পুনর্বাসন করা। পুনর্বাসন সাইটগুলোতে সরকারি-বেসরকারি-এনজিওর অংশীদারিত্বে স্বল্প মূল্যে বাস্তবসম্মত ও টেকসইভাবে সামাজিক আবাসন স্কিমের ব্যবস্থা করা। | ১) আশ্রয়ণ/ আবাসন প্রকল্প বাস্তবায়ন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | আবাসন প্রকল্পের সংখ্যা | ৫ |
| ৪.৩.৮ | পুনর্বাসন সাইটগুলোতে জীবিকা নির্বাহের সুযোগ রাখা। প্রান্তিক জনগোষ্ঠীর বিশেষ করে নারী, শারীরিকভাবে অক্ষম, ক্ষুদ্র নৃতাত্ত্বিক ও ধর্মীয় সংখ্যালঘু এবং হতদরিদ্র মানুষদের শ্রম বাজারে প্রবেশাধিকারের বিশেষ ব্যবস্থা করা। জীবিকার বৈচিত্র্য নিশ্চিত করতে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক অভিবাসনের সুযোগ সৃষ্টি | ১) বাস্তুচ্যুতদের উপযোগী কর্মক্ষেত্র সৃজন ও জীবিকায়নের ব্যবস্থা করা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | গঠিত গ্রুপের তালিকা | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| | করা। | | | | | |
| ৪.৩.৯. | পুনর্বাসন সাইটগুলোর উন্নয়নে ব্যক্তি খাতের অংশগ্রহণ নিশ্চিত করা। বাস্তুচ্যুত হয়েছে এমন ব্যক্তিদের নিয়োগে স্থানীয়, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে ব্যক্তি খাতকে উদ্বুদ্ধ করা। | ১) লাভজনক ব্যক্তিখাত প্রতিষ্ঠানে ‘সোশ্যাল অবলিগেশন ফান্ড’ তৈরি করে পুনর্বাসন এলাকায় বাস্তুচ্যুতদের অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ তৈরিতে সেই অর্থ বিনিয়োগ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ব্যক্তিখাত লাভজনক প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | সোশ্যাল অবলিগেশন ফান্ড নীতিমালা, ফান্ডে অর্থের পরিমাণ, বিনিয়োগকৃত অর্থের পরিমাণ | ১০ |
| | | ২) বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের নীতিমালায় পুনর্বাসন এলাকায় সিএসআর প্রকল্পের মাধ্যমে জীবিকার সুযোগ তৈরির বিধান অন্তর্ভুক্ত করা | বাংলাদেশ ব্যাংক | ব্যক্তিখাত লাভজনক প্রতিষ্ঠান, বিদেশী ব্যবসা প্রতিষ্ঠান, জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এবং মানবহিতৈষী সংগঠন | পরিবর্তিত নীতিমালা, সিএসআর প্রকল্পের সংখ্যা | ১০ |
| ৪.৩.১০ | শহরতলিতে আবাসন সৃষ্টির ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ কমিউনিটি গড়ে তোলার বিষয়ে মনোযোগ দেওয়া। এ ব্যবস্থায় বহুতল বিশিষ্ট দালান নির্মাণ করে নিচের তলাগুলোতে বাজার, ফার্মেসি, ডাক্তারের চেম্বার, চুল কাটার সেলুন, শিশু দিবাযত্নকেন্দ্রসহ সকল সেবার স্থান নির্ধারণ করা-যাতে করে শহরের ফুটপাতগুলো মুক্ত রাখা যায়। স্বল্প টাকায় এসব দোকানগুলো ভাড়া দিয়ে বাস্তুচ্যুত পরিবারের সদস্যদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। ওপরের তলাগুলো স্বল্প ভাড়ায় চুক্তির ভিত্তিতে বাস্তুচ্যুতদের থাকার ব্যবস্থা করা। এর মালিকানা সরকারের কাছে রাখা এবং নির্মাণ ও পরিচালনা কাজে যথাক্রমে ব্যক্তি খাত এবং এনজিও সংস্থাগুলোকে ব্যবহার করা। | ১) বাস্তুচ্যুতির ধরণ বিবেচনায় নিয়ে শহর এবং উপশহরগুলোতে স্থায়ী এবং অস্থায়ী আবাসন প্রকল্প বাস্তবায়ন | স্থানীয় সরকার বিভাগ | ভূমি মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংশ্লিষ্ট শহর উন্নয়ন কর্তৃপক্ষ এবং ব্যক্তিখাত প্রতিষ্ঠান | গৃহীত প্রকল্প প্রস্তাবনা | ১৫ |
| | | ২) সামাজিক এবং সাংস্কৃতিক বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে বাস্তুচ্যুতদের আবাসন সম্ভাবনা নিয়ে গবেষণা করা | স্থানীয় সরকার বিভাগ | গবেষণা প্রতিষ্ঠান এবং স্থানীয় প্রকৌশল বিশ্ববিদ্যালয় | বিশেষজ্ঞ নিয়োগ টিওআর, গবেষণা প্রতিবেদন | ১০ |
| | | ৩) জাতীয় এবং আন্তর্জাতিক তহবিল থেকে অর্থায়নের মাধ্যমে সিঙ্গেল রুম অ্যাপার্টমেন্ট সুবিধা সম্বলিত উঁচু ভবন নির্মাণ করে বাস্তুচ্যুতদের জন্য বরাদ্দ করা | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয় | নির্মিত ভবন | ১০ |

| উপধারা | মূল বিষয়সমুহ | কার্যক্রম | নেতৃত্বদানকারী সংস্থা | সহায়তাদানকারী সংস্থা | নির্দেশক | সময় কাঠামো (২-২০ বছর) |
|---|---|---|---|---|---|---|
| ৪.৩.১১ | পুনর্বাসন কার্যক্রমগুলো যেন আন্তর্জাতিক মানদন্ডের হয় সে বিষয়ে সচেষ্ট থাকা। জোরপূর্বক স্থানান্তর পরিহার করে স্থানচ্যুতদের সঙ্গে আলোচনার মাধ্যমে বিকল্প আবাসন ও ভূমি নিশ্চিত করা। স্থানান্তর/পুনর্বাসন সঠিক ব্যবস্থাপনার অধীনে করে, আক্রান্ত জনগোষ্ঠীর জন্য এটিকে একটি টেকসই অভিযোজন কৌশলে পরিণত করা। | ১) আন্তর্জাতিক পর্যায়ে অভিজ্ঞতা অর্জ নে কার্যক্রম গ্রহণ করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | স্থানীয় সরকার বিভাগ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | কার্যক্রমের সংখ্যা | ৮ |
| | | ২) টেকসই অভিযোজন কৌশল প্রণয়ন করা | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ | অভিযোজন কৌশলপত্র | ৩ |
| ৪.৩.১২ | পুনর্বাসন স্থান নির্বাচন করার আগে ঝুঁকি নিরূপণ করা যাতে করে সকল পরিকল্পনা এবং পরামর্শ ঝুঁকি নিরূপণের বিষয় বিবেচনায় রেখে পরিচালিত হয়। | ১) পুনর্বাসন স্থানে ঝুঁকি নিরুপণ ও ঝুঁকিহ্রাস কার্যক্রম গ্রহণ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | জাতীয় ও স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ঝুঁকি নিরুপণ কার্যক্রম | ৫ |